

শ্রীগোবিন্দচন্দ্র দাস প্রণীত।

কিনপাত্তি শভাবেন কুম্মরং বাপাস্পরং। বদেব রোচতে যগৈ ভবেভত্তত কুম্মরং ॥

[হিতোপদেশ ়া

षिতীর সংকরণ।

সন ১২৯৯, জ্যেষ্ঠ। [All Rights Reserved] কলিকাতা,

২১১নং কর্ণভয়ালিন খ্লীট, ব্রাক্ষমিশন প্রেদে

শীকার্দ্রিকচন্দ্র দত্ত দ্বাশ মুদ্রিত ও গ্রন্থকার কর্তৃক প্রকাশিত।

मृष्ठी।

বিষয়							পৃষ্ঠা
এ প্ৰেম কেমন ?		•••		•••			>
ছুখিনী	•••		•••		•••		ર
খুশানে নিশান		***					٩
প্রম দা [*]	•••		•••				20
সারদা হৃশরী		***				•••	36
৺ জগচ্চন্দ্ৰ দাস (জগ	ব্যুদাস	1)	• • • •		• • •		२७
আমহত্যা		***					२१
পুষ্পমন্ত্ৰী	• • •				•••		• 5
মা-মরা মেয়ে				•••		***	8 •
কে আছে আমার	•••		• • •		•••		8 \$
শুশানে সম্ভাষণ		***		***.7		•••	8 %
খুশান-সঙ্গীত	• • •		***		•		08
শ্বতি-সদীত		•••		•••		•••	e e
বিদায়-সঙ্গীত	•••				***		25
কেহ কারো নয়		•••				•••	
স্বপ্ন-সঙ্গীত	•••		•••		• • •		49
সতীদেহ স্বন্ধে মহাদে৷	বের নৃত	ij		•••		•••	er
<u>डू</u> रयाना	•••		***		• • •		७२
শ্মশানে শিব		***		111		•••	5 C
বদস্ত-পূর্ণিমা	***				***		6.6
গোলাপের প্রতি		***		• • •		•••	40
মনের কথা	•••		•••		***		98
জ্যোৎস্বাময়ী		•••		•••		• • •	v .
সেই এক দিন আর এ		मिन	• • •		• • •		४२
পরশুরামের শোণিত	ভৰ্পণ	***		• • •		• • •	b 6
পত্ৰ	•••		•••		•••		9 4
ভাওয়াল রাজছুহিতা		***		***		•••	> 0
ন ষ্টচ ন্ত্ৰ	***		***		•••	•	>05
वत्रवात्र विन		***		•••		•••	220
আমি তোমার	•••		•••		•••		>5.

উপহার ।

সারদা!

হানর রাণি, প্রীতির প্রতিমা থানি,

এসগো পুজিব আজি প্রেম ও ফুল্ডে ।

তব যোগ্য উপহার, জগতে নাহি যে আর,
পৃথিবীর সবি মাথা মাটা ও ধূলে!

এই ফুল—এই প্রীতি, দিয়াছি—দিতেছি নিতি,

যদিও—যদিও দেবি, চরণ মূলে,

তবু না ফুরায় আর, নৃতন সৌন্দর্য্য তার,

অনস্ত অসীম ভাবে, উঠে উথুলে!

কে বলে সারদা তুমি, ত্যজিরা মরত তুমি,
জনমের মত গেছ আমারে তুলে !
আমি দেখি বস্করা, কেবলি তোমাতে ভরা,
আছি তব বিশ্বরূপে ডু'বে অকুলে !
অতুল আনন্দ তাই, শোক নাই, হুঃখ নাই,
ভক্তি ভরে যাহা পাই দিতেছি তু'লে,
মাস্থব পাবে কি আর, তব যোগ্য উপহার ?
আদরে অঞ্জলি দেই প্রেম ও ফুলে !

> লা ফাল্কন—১২৯৪ সম, কলিকাতা।



এ প্রেম কেমন ?

দেখা দেও ওহে নাথ পতিতপাবন, কেন হে কাঁদাও বৃথা প্রেমাধীন জন ? **८**श्तिरल अकरनाम्य, হেন স্থামনে লয়. হাসি মুথে আ'স যেন দিতে আলিঙ্গন! नंतरम डेमिटन विधू, মনে ভাবি, মুহু মুহু বর্ষি অমৃত রাশি কর সম্ভাষণ ! রজত কুম্বম-ভাতি. নব তারকার পাঁতি, দেখি যেন প্রেমমন্ব প্রেমেরি নয়ন ! বসস্ত-স্থরভি-শ্বাসে, তোমারি স্থগন্ধ আ'দে. প্রশাস্ত প্রকৃতি যেন প্রেম-কুঞ্জবন ! দেখি যেন সব ঠাঁই, তুমি ভিন্ন কিছু নাই, অথচ নাহিক পাই,—এ প্রেম কেমন ?

वृत्रिनी 🖔

প্রিয়ে ছখিনি-আমার! বিষাদ কালিমা মাথা, গভীর নীরদে ঢাক্র, স্থন্য শরতচন্দ্র নিত্য অন্ধকার! • আয়ত আকর্ণ প্রান্ত, নীলনেত্র পরিক্লান্ত, নীলসরোক্তহে বর্ষ নিত্য অশ্রধার। ু নাহি বেশ নাহি ভূষা, শিশিরে শীতের ঊষা, নাহিক আশার করে শিয়রে তোমার। মলিন বসন ছিল্ল, দেখা যায় অবিভিন্ন, থেলিছে শরীরে যেন আলো অন্ধকার! এত হঃখ-ভার শিরে, বহিতে পার না কিরে, করেতে কপোল রাখি বিশ্রাম তাহার ? চাহিয়া ধরার পানে, বিষাদে বিষয় প্রাণে, ধলায় ত্রংথের দিন গ'ণ আপনার.

প্রিয়ে ছথিনি আমার!

অভাগিনি অশ্রম্থি হুখিনি আমার ! •যাওনা কাহারো কাছে, অবহেলা করে পাছে. গরবিনী প্রতিবেশী দেখি কদাকার। काञ्चानिनी मौना शैना, त्मिश्रा कतित्व घृगा, মানিনি, আপনি মান রাথ আপনার। [•]পরের কথাটা হায়, সহেনা কোমল গায়. এত যে সম্মুখে সিন্ধু অকূল পাথার!

2

আপনা আপনি যথা, জ্বে তড়িতের লতা, দেই তীব্র তেজারাশি হৃদয়ে তোমার!
এমন সম্মান বােধ, এত তীব্র প্রতিশােধ, অর্যায় আদর এত নাহি দেখি কার!
নাহি বরে মৃষ্টি অর, তরু নহ অবসর,
শমন শক্ষিত যেন বীর্দ্ধে তােমার!
যাওনা পরের কাছে, যাহা আপনার আছে,—
কভু কর উপবাদ কভু একাহার,
অভাগিনি অঞ্মুখি ছথিনি অশ্মান।

9

প্রিয়ে ছখিনি আমার!
প্রবল শোকের ঝড়ে, যবে চিন্ত ভেঙ্গে পড়ে,
হল্যে উড়ায় বালু শত সাহারার,
যায় ধৈর্য্য পলাইয়া, জীবস্ত আহুতি দিয়া
একাকী আকুল প্রাণ করে হাহাকার!
তথনি দেখিয়াছিরে, দেখিয়াছ ছখিনিরে
সজল নয়নে মুথ শিশু বালিকার!
তথনি দেখিয়াছিরে, দেখিয়াছ ছখিনিরে
সজল নয়নে ন্যু শিশু বালিকার!

8

প্রিয়ে ছখিনি আমার ! সেই ভিথারিণী বেশ, শরীর কন্ধাল শেষ, সে প্রিত্র আত্মহত্যা—মহান্—উদারণ দেই হংথ অমাবস্তা, প্রীতিপূর্ণ সে তপস্তা,
নিরাশার শুনা মাঠে—শ্মশান সংসার !
দেই মূর্দ্তি ছিল্লমন্তা, উন্মাদিনী থজাহতা,
শোণিতে তর্পণ কর প্রেম পিপাসার !
দেই মূর্দ্তি শক্তিমন্ত্রে, হৃদয় শোণিত যদ্তে,
পৃদ্ধিতেছি প্রাণময়ি চরণ তোমার !
কিন্তু আর নিত্য নিত্য, পারিনা চিরিয়া চিত্ত,
নীরক্ত প্রাণের রক্ত দিতে উপহার!
এ মূর্দ্তি পৃদ্ধিয়া আশা মিটিলনা আর!

প্রিয়ে ছখিনি আমার!
কোথা সে শৈশবশোভা বিধু-বালিকার!
সে হাসি আনন হায়, দেখিব কি পুনরায়,
দেখিব কি পুর্ণচক্রে স্থধার জোয়ার!
পরি নানা বেশ ভ্যা, বিনোদ বাসন্তী উষা,
প্রণয়ের পূর্বাচলে হাসিতে আবার?
দেখিব কি প্রাণেশ্বরি, স্বর্ণের বালিকা পরী,
সর্লায় কুস্তম মালা দিতেছ আমার?
হায়রে কই সে দিন, আমি মুর্থ অর্বাচীন,
কই ভত পুণ্যরাশি আমি অভাগার!
জলক্ত স্বর্ধ্যের মত, দহিতেছি অবিরত,
প্রাণ্ণমী উষারাণী আমিই আমার!

Ġ

প্রিমে ছখিনি আমার !
প্রাণপণে অবিরত, বতন করিছ কত,
মুছিতে পারিস্থ কই শোকাঞ্চ তোমার !
শতগ্রন্থি ছিন্নবাস, একাহার উপবাস,
এ জনমে অভাগিনি ঘুচিল না আর !
পত্র পুশ শ্ন্য যথা, শীতের বিশুষ্ক লভা,
অথবা মলিন যথা অঙ্গ বিধবার !
মানতা দীনতা হার, একাধারে সম্পাম,
পরিমান পুশ-ভাও শরীরে তোমার !

প্রিয়ে ছথিনি আমার!

প্রিয়ে ছখিনি আমার!
বিদেশে দাসজে হার, নিত্য ব্যাধি যন্ত্রণার,
সহিলাম কত কন্ত ছথ ছনিবার!
প্রেতের অধিক হের, পিশাচের অবজের,
কত যত্নে পুজিলাম চরণ তাহার!
মান্ত্রের বা মহব, চিত্তের স্বাধীন স্বত,
অর্থ লোভে করিরাছি বিনিময় তার!
দরা মারা সেহ ভক্তি, প্রাণের পবিত্র শক্তি,
পবিত্র ধর্ম্মের মূর্ত্তি পর উপকার!
প্রের দিরে হার হার, ভ্লিরাছি সম্লার,
বত সাধ্য অধোগতি করেছি আত্মার!

বন্ধ্যার তীরবাণ, আকুল করেছে প্রাণ,
হায় সে প্রাণের জালা নহে বলিবার!
পাপিষ্ঠ বিশাস্থাতী, ক্বতম মানব জাতি,
হুদয় ভেকেছে করি চরণ প্রহার!
মূর্বের অধিক মূর্ব, কি বলিব সে যে ছঃখ,
করিয়াছে মূর্ব বলি শত তিরক্কার!
সকলি সহিয়াছিরে, প্রাণময় প্রেয়সিরে,
কেবল চক্লের জল মূছিতে তোমার!
কেবল তোমারি তরে, স্থ্য শাস্তি জকাতরে,
জীবনের যত আশা করি পরিহার,
হায় এ সয়ানী বেশে, ফিরিতেছি দেশে দেশে,
প্রাণময়ি প্রেম্মিরের কালাল তোমার!

Ь

প্রিয় ছ্থিনি আমার !
তবু ত চক্ষের জল ঘুচিলনা আর !
আমিই পিশাচ সম, আমি দৈত্য নিরমম,
আগুনে পুজির পুষ্প-প্রতিমা তোমার !
বিকট ভৈরববেশে, ভীষণ ঋশান দেশে,
বিলুটিত করিলাম পারিজাত হার !
ভিথারী প্রেমের রূপ, আমি পাপ অন্ধর্কপ,
অশোক শোকের বন তব কারাগার,
তৃমিলো মাটীর মেয়ে, আছ মাটী পানে চেরে,
মাটীর শরীরে সয় সকলি ভোমার !

শ্মশানে নিশান।

S

প্রিরে ছখিনি আমার!
দেখিতে ও অশুমুখ নাহি পান্ধি আর!
অই ববি অই শশী, গগনে রয়েছে বিস,
অই অলে ক্ষীণ জ্যোতি ক্ষুত্র তারকার!
তরুলতা তৃণদল, নদ নদী জলস্থল, বিজুল হিমাজি উচ্চ নীল পারাবার,
সকলেই দেখিরাছে, বলিবে তোমার কাছে,
সহিয়াছি পৃথিবীর কত অত্যাচার,
যাই আজ দিব্যধামে, যেখানে মানব নামে,
না আছে দানব দৈত্য কোনও প্রকার!
যাই আজ দিব্যধামে, পৰিত্র তোমার নামে,
খুলিগে স্বর্ণের আগে স্থবর্ণ ছয়ার!
তুমিও সে দিব্যধামে, পবিত্র ঈশ্বর নামে,
পারে ঠেলে আসিও এ ঘোর অত্যাচার,

প্রিয়ে ছথিনি আমার !
১১ই অগ্রহায়ণ—১২৯০,

১১ই অগ্রহায়ণ—১২৯০, সয়মনসিং**হ**।

*

শ্মশানে নিশান।

শ্রাবণের শেষ দিন—মেতে অন্ধকার,
দিনমান প্রার শেষ, ব্যাপিয়া আকাশ দেশ,
মেত্বের পশ্চাতে মেষ ছুটিছে আবার !

উলন্ধ—এলামে চুল, হাতে নিমে মহাশ্ল,
বিকট ভৈরব নাদে ছাড়িয়া হন্ধার !
নয়নে কালাপ্পি চালি, উন্মন্তা শ্বশান কালী,
ধাইছে রাক্ষ্মী-সন্ধ্যা মৃত্তি তাড়কার !
উড়িছে মেঘের কোলে বলাকা উজালা,
ভৈরবীল কালকণ্ঠে মহাশুখ মালা !

২

নিরথি সে ভীম ছায়া, দিগন্ত বিস্তৃত কায়া, ভয়ে যেন ব্রহ্মপুত্র গেছে মদী হয়ে,
আতকে কাঁপিছে বুক, নাহি শান্তি একটুক,
তরঙ্গ তুফান তার ছুটছে হদয়ে!
আজি তারা শশধর, উঠেনি গগন পর,
অমর পেয়েছে ভর মরণের ভয়ে,
এমনি ভীষণ দৃষ্ঠ, বুঝিবা ব্রহ্মাণ্ড বিশ্ব,
এখনি হইবে ধ্বংস মহান্ প্রলয়ে!

হেন ঘোর অন্ধকার—এ হেন সমন্ব,
উড়িছে শ্মশানে এক ধবল নিশান!
অর্দ্ধদন্ত হেন ভিন্ন লগু ভণ্ড,
এখানে ওথানে পড়ে শহ্যা উপাধান!
ছ' চারিটী কাণা কড়ি, কোথাও কলসী দড়ী,
কোথাও বা ছাই-ভন্ম অঙ্গার নির্মাণ!

শ্ৰশানে নিশান।

কোথাও মাথার থুল, ছেঁড়া নথ, ছেঁড়া চুল, কোথাও বা অন্থিধগু রয়েছে বিতান ! ঘোর স্তৰতার শিরে, সে নিস্তৰ নদী তীরে, স্তিমিত ক্তম্ভিত ঘোর গন্তীর সে স্থান— উড়িতেছে "পত পত" শ্মশানে নিশান !

8

"শাশানে নিশান কেন ?" হাসে থল থল,
মরার মাথার খুলি, বিকাশিয়া দস্তগুলি,
বিকট বিশুক শুল্র দীঘল দীঘল!
সবে করে উপহাস, ছাই পাঁশ কাঁচা বাঁশ,
বিছানা কলমী দড়ী মিলিয়া সকল!
কি যে সে বিকট হাসি হাসে খলখল!

¢

দিগতে দে অট্টাসি হয় প্রতিধানি,
বিকট ভৈরবে হাসে আসরা-রজনী!
জলে মুহ: বজ্ঞানল, গর্জে মুহ: মেঘদল,
হইতেছে চুর্ণ চুর্ণ ভূধর মেদিনী!
প্রকৃতির বিশ্বনাশী, এ খোর প্রলয় হাসি,
সহিতে পারেনা যেন প্রকৃতি আপনি!
বজ্ঞনথে বক্ষ চিরা, দেখার যেতেছে ছিঁড়া,
প্রচণ্ড হাসির চোটে কলিজা ধ্যনী,
সহিতে পারেনা হাসি প্রকৃতি আপনি!

দেখিলাম অকুমাৎ রজত জোৎসার,
উজলি উঠিল চিতা শত চক্রমার !
রজত ধৃতুরা কর্ণে, বিমল রজত বর্ণে, '
রজত বিভৃতি মাধা তুবারের প্রায় !
রজত গিরির শিরে, রজত জাহ্নবী নীরে,
রজত শশান্ধ শোভা উছলিয়া যায় !
উজলি উঠিল চিতা শত চক্রমায় !

আহা!

কিবা সেঁই সৌম্য মূর্ত্তি অমল ধবল,
ধবল বৃষভ পর, বিরাজিত বিশ্বস্তর,
ধবল অন্থির মালা গলে দলমল !
ধ্যানগত আত্মা তার, নাহি দেথে ত্রিসংসার,
জ্ঞানময় মহামূর্ত্তি স্থির অবিচল !
বিশ্ব বিনাশের হেতু, বিবেকী সে বৃষকেতু,
আপনি ধরিয়া সেই কেতু সমুজ্জল,
শ্রাশানের জয়ভেরী, বাজাইয়া ত্রিপুরারি,
তৈরবে গাহিছে গীত মরণ মঙ্গল !
অতিক্ষে অবনী যেন করে টলমল !

ছুটিছে ভৈরব রাগ কাঁপারে বিমান, ''গাও মরণের জন্ধ, গাও ঋশানের জন্ধ, অন্ত ব্রহ্মাও যার ভরে কম্পান। কি দেব দানব নর, যক্ষ রক্ষ বিদ্যাধর,
অমর কথার কথা বোঝেনা অজ্ঞান!
বাদবের বক্স ছার, রুথা গর্কা করে তার,
আপুনি করিলে পাপ ভোগে ভগবান!
লও হে সকলে তুলি, মরার মাথার খুলি,
বাজাও বিকট বাদ্য কাঁপাও বিমান!
নাচ ভূতগণ মিলে, কোথা হতে কে আদিলে,
ভনাও ভৈরব কঠে দে ভূত বিজ্ঞান!
তুলে ও চিতার ছাই, জীবেরে দেখাও তাই,
কেন করে রুথা গর্কা রুথা অভিমান!
গাও হে ভৈরবকঠে কাঁপারে বিমানণ!

৯

গাও হে ভৈরবকঠে গস্তীরে সে গান,
গাও সবে পঞ্চুত, বিজয়ী শ্রশান দৃত,
সংসার জয়ের সেই সঙ্গীত মহান্!
যাহা কিছু এই ঠাই, হইবেক ভন্ম ছাই,
ভয় ভক্তি ভালবাসা ক্রোধ অভিমান!
ঘুণা লজ্জা ঈর্ষা ঘেষ, স্থুখ কিষা হুঃশ ক্রেশ,
যশ কিষা অপ্যশ মান অপ্যান!
বীরের বীরম্ব পূর্ণ, হুদ্ম হইবে চূর্ণ,
ভীকর বিভগ্ন বক্ষ রেগ্র স্মান!
রাজার কিরীটগর্ম্ব, এখানেই হবে খর্ম্ব,
দাসের দাস্ব ক্রেশ হবে অব্যান,

াল ভাজ—১২৯১, সন্তমনসিংহ।

জ্ঞান বিদ্যা বৃদ্ধি বৃদ্ধ, সব বাবে রসাতল,
মৃছে যাবে উচ্চনীচ ভেদাভেদ জ্ঞান!
মরার মাথার খুলি, বাজাও সকলে তুলি,
কর সে ভৈরব নৃত্যে ধরা কম্পমান!
তুলে ওই ভশ্মছাই, জীবেরে দেথাও তাই,
কেন করে র্থা গর্ক র্থা অভিমান!
দেখুক্ এ শশ্মানের বিজয় নিশান!"

ভূতের ভৈরব কণ্ঠ কাঁপায়ে বিমান,
বিঘার ভৈরব রাগে ছাড়িল দে তান!
"জয় মরণের জয়, জয় শশানের জয়,
অনস্ত ব্রহ্মাণ্ড যার ভয়ে কম্পমান!
কি দেব দানব নর, যক্ষ রক্ষ বিদ্যাধর,
অমর কথার কথা বোঝেনা অজ্ঞান!
বাসবের বন্ধু ছার, রথা তার অহক্ষার,
আপনি করিলে পাপ ভোগে ভগবান!
যত কিছু এই ঠাই, হইবেক ভম ছাই,
দেখরে মোহাদ্ধ জীব নির্বোধ অজ্ঞান!"
শশান-নিশান-মূলে, চিতাভম্ম ভূলে ভূলে,
বাঞ্জারে মরার মাথা ভূত করে গান,
উভিতেছে "পত পত্ত" "শশানে নিশান"!

প্রমদা।

[**জন্ম—⁵ংই ফ্রান্ধন, বৃহস্প**তিবার, রাজি ২ঘটিকা, ১২৮৪ সন। মৃত্যু—২**ং শে বৈশা**ধ, শুকুবার, দিবা গা ঘটিকা, ১২৮৬ সন।]

۵

প্রমদা স্বর্গের শিশু বালিকা আমার!
শারদ পূর্ণিমা রে'তে, আসিলি কি চাঁদ হ'তে,
থসিয়া একটা ক্ষুদ্র কিরণ তাহার,
পথ ভূলে প্রমদারে পরাণে আমার ?
অথবা উষার আলো, ভূলে তোরে ফেলে গেলো,
আঁচলের গাঁট খুলে পড়েছিলি তার,
প্রাণ্মার প্রমদারে পরাণে আমার ?

₹

প্রমদা!
কোধা হ'তে এসেছিলি, আবার কোথার গেলি,
সরল সোণার পরী শিশুটী আমার!
মলরা পলা'রে যেতে, পড়েছিলি কোল ছু'তে,
চুরি করা কুস্থমের পরিমল তার?
কমল লাবণ্য খুলে, তোরে থুরেছিল ভুলে,
শারদ-সারাহ্নকালে কোলে সারদার?
কোণা হ'তে এসেছিলি, আবার কোথার গেলি,
সরল সোণার পরী শিশুটী আমার?

9

দৈথেছি যামিনী কালে, বেষ্টিত ভারকা জালে,
অক্ল অসীম নীল নভ কলেবর,
তা'হইতে পড়ে ছুটি, মাঝে মাঝে ছুই এক্টী,
কুত্র সে ক্ল্যোতির বিন্দু কোমল স্থন্দর!
তুই কি একটী তার, কোলে এসে সারদার,
পড়েছিলি না বৃঝিয়া দিশাহারা হয়ে?
কি ছিলি ?
টাদের অমিয়া ছিলি ? জ্লের স্থবাস ছিলি ?
উষার আলোক ছিলি ? কমলের হাসি ছিলি ?
আকাশের তারা গেলি আকাশে মিশা'য়ে ?

প্রমদা।

কোথা হ'তে এনেছিলি, আবার কোথায় গেলি, সরল সোণার পরী শিশুটী আমার ?
এথনো কাঁদে বে প্রাণ, জলিতেছে মর্মস্থান,
এথনো নয়নে বহে শত অশ্রুধার!
এথনো সারেনি ভূল, দেখিলে কমল সূল,
মনে ভাবি এই বুঝি প্রমদা আমার!
দেখিলে উষার কোলে, অরুণ শিশুটী থেলে,
মনে ভাবি এই বুঝি প্রমদা আমার!
সারাহে তারকা সবে, দেখিলেই ভাবি তবে,
ইহাদি এক্টী হবে প্রমদা আমার!

যদি ফুলবাদ পাই, কোল বাড়াইয়া যাই, মনে ভাবি আ'দে বুঝি প্রমদা আমার!

প্রীমদা।

কোথা হ'তে এসেছিলি, জাবার কোথায় গেলি, সরল সোণার পরী শিশুটী আমার ! শুনেছি শচীর গলে, পারিজাত হার দোলে, ভূই কিরে ছিলি তার মণির মন্দার ?

অথবা—

কা'র বুক খালি ছিল, তোরে দিয়া প্রাইল— কোন্ সেই ভাগ্যবতী স্থর-অঙ্গনার ? এই কি বিধির বিধি—এই কি বিচার ?

-

আহা হা!

সেই যে বৈশাখ,—পোড়া কপাল আমার!
এখনো অরিতে বছে শত অশ্রুধার!
এখনো এখনো হার, দেখি যেন বিছানার,
শিরীৰ কুন্ম সেই তকু স্কুমার,
অবশ পড়িয়া আছে, অভাগিনী ব'সে কাছে,
কাতর নয়নে ভোরে চাহে বার বার!
বোবেনি সে হতভাগী, যাস্ যে জন্মের লাগি,
জীবনের সুথ শাস্তি লইয়া ভাহার!

বোঝেনি সে জ্ঞানহীনা, ফিরে আর আদিবিনা, ভূলিবি স্বর্গের স্থথে পাপের সংসার!

তথনি মুহুর্তে পুন:—

দেখিতে দৈখিতে কণ্ঠ অন্তিম হিকার,
কাঁপিরা উঠিল যে রে হার! হার! হার!

ঘরের বাহির করি, কেহ বলে হরি হরি,
নরন ঢাকিরা দিল তুলদী পাতার!
অলিত তড়িত মেঘে, ছুটিরা আসিরা বেগে,
অতাগী সারদা পড়ে আছাড়ি ধরার!
কাঁদে পরিবার যত, হাহাকারে অবিরত,
কে কা'রে প্রবাধে, সবে পাগলের প্রায়!
কেহ শিরে কর হানে, কেহ বা ব্যথিত প্রাণে,
ডাকিছে আকুল কপ্রে "প্রমদা কোথার?"

সে উচ্চ ক্রন্দন রোল, ঘন ঘন হরিবোল,
অতাগিনী সারদার "হার! হার! হার!"

সব দেখিলাম চক্কে, সব সহিলাম বক্কে,
নিকটে দাঁড়া'য়ে আমি পারাণের প্রায়!

এ কি ? আবার সে উচ্চ রোল, আবার সে হরিবোল, প্রাণমূদ্ধী প্রমদারে কোথা নিয়ে বায় ? "দিব না দিব না নিতে, দিব না সমাধি দিতে" কাড়িয়া সে পাগলিনী কোলে নিতে চায়! কি দে এলোমেলো বেশ, উগ্রচণ্ডী—মুক্তকেশ, ছুটলংদে বুৎসহারা বাধিনীর প্রায়! কি সে ভয়ন্কর দৃশ্য—ছাই ভন্ম হৌক্ বিষ! ভাবিতে পারিনা, প্রাণ আতদ্ধে শুকায়! সেই যে জন্মের শোধ দিয়েছি বিদায়!

3

প্রমদা!

সেই যে মুকুতা দস্ত—সহাস-আনন,
সেই অৰ্দ্ধ উচ্চারিত "বা ব্বা" সম্বেধনী!
সেই দিবা অবসানে শ্রাম সন্ধ্যা বেলা,
জননীর সনে তোর ত্রিদিবের থেলা!
তারা ভরা চাঁদ ভরা নির্থি গগন,
স্থা ভরা মুথে তুই হাসিতি যথন,
দেখি তোরে হাস্যময়ী আনন্দের ভালি,
আদরে সারদা কত দিত করতালি!
গোপনে দাঁড়া'রে সেই একেলা একেলা,
দেখিতাম অভাগীর মেমে নিয়ে থেলা!
ম্বরিতে এখনো উহা কেঁদে উঠে মন,
ভূলিবনা প্রমদারে জনম্ কখন!

२० (म आवन ১२०) मन, महमन्त्रिःह।

मात्रमा छन्मती।

্রিল্ম—২৭ শে অগ্রহারণ—১২৬৯ দন।
মৃত্যু—১২ই অগ্রহারণ, বৃহস্পতিবার, রাত্রি ৮ ঘটকা—
ক্রাণ্ডমী, ১২৯২ দন।

-matheren

নিশীথ সময়—চিতা সমুথে।

আজ---

কি দেখিতে আসিয়াছ ওহে শশধর ? তোমার অধিক শোভা, ততোধিক মনোলোভা, শোয়া'য়ে দিয়েছি চাঁদ চিতার উপর। লাবণ্য তোমার চেয়ে. স্থধা পড়ে ঠোঁট বেয়ে. অনলে উছলে খেন রূপের দাগর! ञ्नील नम्रन घृषी, রহিয়াছে আধ ফুটি, শরত প্রভাত পদ্ম—ডাগর ডাগর! खेशात्र डेकरन किया. ननाटि वर्गीम मिया. তরুণ অরুণ বিন্দু সিন্দুর স্থন্দর! খেরা'রে দিয়েছি চাঁদ চিতার উপর! ₹

আজ-

কি দৈখিতে আদিয়াছ স্বর্গের দেবতা ?
হলবের প্রিয় ধন,
কিসে করে বিসর্জ্ঞন,
দেখ কিহে নরের সে ঘোর নির্চূরতা ?
দয়া মারা নেহ ভূলি,
দিরাছি চিতায় ভূলি,
এমনই মানবের আদর মমতা !
প্রাণ ব'লে বুকে লয়,
যেন ছই এক হয়,
পাপিঠ অস্তর জানে এত আত্মীয়তা !
লুঠিয়া হলর তার,
শেবে এই ব্যবহার,
কি দেখিতে আদিরাছ স্বর্গের দেবতা ?
এমনই মানবের আদর মমতা !

শশধর!
দেখ মানবের এই পশু ব্যবহার,
কৃতন্ন ইহার কাছে,
আর কি কগতে আছে,
হন ঘোর অবিখাসী পাপী হুরাচার ?

८ श्रम ७ कून।

আমি গেলে দেশাস্তরে. সারদা আমারি তরে, দিন দণ্ড পলে পলে বর্ষি অশ্রুধার. কৰুণ সজল আখি. উর্দ্ধাথে চেয়ে থাকি, কাতরে মঙ্গল ভিক্ষা মাগিত আমার ! যেন ভপস্বিনী বেশে, नदत्तत्र नत्तक (मर्थ. ছিল পুণ্য-প্রস্রবণ মূর্ত্তি মমতার ! জননী ভগিনী জায়া, भैकत्नत मग्रा मात्रा, প্রেম-তিলোভ্রমা ছিল সারদা আমার! কি আর কৃহিব হায়, আজি পিশাচের প্রায়. অনল দিয়াছি দেই আননে তাহার! কৃতন্ম আমার চেমে আছে কিছে আর ?

তুমি ত অনস্ত উচ্চে ওবে শশধর!
আরো কি নিধিল ভূমে,
এমন চিতার ধূমে,
দেখেছ করিতে কারে আছের অমর ?
শীতল পুণ্যের ছারা,
প্রাণমরী প্রির-জারা,
প্রাণিডর অপরাজিতা পারিকাত গর্ম,

অনস্ত অমৃত সিন্ধ্,

প্রেম পূর্ণিমার ইন্দ্,

দেখেছ ছিঁ ড়িরা দিতে চিতার উপর ?

অাপনার বুক চিরা,

না দিরা ধমনী শিরা,

না দিরা কলিজা খুলে কোন্ মূর্থ নর—
আহা হা, আমার মত,

পিশাচ রাক্ষ্য এত,

কণ্ঠের কলপ লতা—কুস্কুমের থর,

হলরের যা সর্ক্ষ্য,

তাই করে ছাই ভক্ষ—

অরেশে ঢালিরা দের চিতার উপর !

দেখেছ মানুষ হেন পাষ্ড পামর ?

" বল হরি হরি! " কি বোর গঞ্জীর রব, ভাঙ্গিরা দিগন্ত সব, উঠিয়াছে নৈশাকাশ তোলপাড় করি, জ্বিছে প্রচণ্ড চিতা—"বল হরি হরি!"

বোগ শোক হুঃখ ভরা, ত্যজিয়া এ বস্থকরী,
বায় আজ দিব্যধামে সারদা স্থলরী !
বুঝিয়াছি শশধর,
বরষি অমৃতকর,
এসেছ দইতে তারে অভিষেক করি!

প্রেম ও ফুল।

त्कामन को मूमी त्राथ, হীরা বাঁধা ছায়াপথে. তুলিয়াছ কি স্থন্দর লাবণ্য লহরী ! অই ভাবে অই যায়. অই অনস্তের গায়, মিশিল জন্মের মত আহা মরি মরি। আনন্দে অমরকুল, বর্ষিছে তারার ফুল, বহিছে স্বর্গীয় বায়ু, স্থগন্ধ বিতরি! जननी जानक्यशी, বর্ণ করিয়া অই, লইতেছে পুত্রবধূ স্থথে কোলে করি! কি আনন্দ দেবভূমে, আজি আনন্দের ধুমে, উঠিছে ব্রহ্মাণ্ড বিশ্ব তোলপাড় করি. জলিছে প্রচণ্ড চিতা—"বল হরি হরি !"

রোগ শোক ছঃথ ভরা, ত্যজিয়া এ বস্করা,
যায় আজ দিব্যধানে সারদা স্থলরী !
ধল চক্স বল তারা "বল হরি হরি !''
শশু পক্ষী তক্ষতা,
যে তোমরা আছ যথা,
অচল অশনি সিদ্ধু বিধোরা শর্করী,
শুক্তি জনস্ত কঠে "বল হরি হরি !"

অপর কিরর নর,

যক্ষ রক্ষ বিদ্যাধর,
ভূলোক হুলোকবাদী অমর অমরী,
অনস্ত ত্রন্ধা ও বিখ—''বল হুরি হুরি !"

>২ শে অগ্রহায়ণ—১২৯২ দন,

ভ্রদেবপুর।

৺ জগচ্চন্দ্ৰ দাস (জগৰন্ধু দাস)।

্ জন্ম-১৭ই অগ্রহারণ-১২৩৯ সন। মৃত্য-৩-শে আবণ,শনিবার,রাজি ৮॥ঘটিকা, পূর্ণিমা; ১২৯৩ সন।

ভাই ! গিয়েছ কোণায় ?
আজ কাল করি কত, বছর হইল গত,
চাহিয়া রয়েছি পথ সতত আশায় !
কোণায় গিয়েছ ভাই, তম্ব নাই—বার্জা নাই,
এমন করিয়া নাকি কেহ কোণা যায় ?

ভাই! গিয়েছ কোথার ?

তুমি ভিন্ন নাহি আর, শৃত্ত মম এ সংসার,
জগতের বন্ধু হ'রে 'জগবন্ধু' হার,
দাদারে একাকী ফেলি, বলু ভাই কোথা গেলি
হ'লনা একটু দরা পাষাণ হিন্নার ?

প্রেম ও ফুল।

•

ভাই! গিমেছ কোথায় ?
আকুল উন্মন্ত প্রাণে, চেয়ে আছি পথ পানে,
লইয়া শাশান বৃকে, মুথে হায় হায়,•
ঢালিয়া নয়ন জল, নাহি নিবে এ অনল,
আয়রে প্রাণের ভাই আয় বৃকে আয়!

R

ভাই! গিয়েছ কোথার ?
ভোমারে হইয়ে হারা, পিসীমা পাগল পারা,
দিবা নিশি অভাগিনী করি হার হার,
ভোমারি উদ্দেশে গেছে, আর নাহি আসিয়াছে,
ভূলিয়া রয়েছে বুঝি পাইয়া তোমার!

ভাই ! গিরেছ কোথার ?
ত্যজিয়া মরত ভূমি, কোথার গিরেছ ভূমি,
কোথা সে অর্গের রাজ্য—কত দ্র হার,
ভধাই কাহার কাছে, কোথার সে দেশ আছে,
সে দেশে এ দেশে লোক নাহি আসে যার ?

Ġ

ভাই গিরেছ কোথার ? ফুটলে কুস্থম রাশি, পরিমল মাথা হাদি, অর্গের স্থান্ধ ভাবি মাথা তার গায়, অধাই তাহার কাছে, কোথায় সে দেশ আছে, দেখেছে দেবের দেশে দেবতা তোমায় ? 9

ভাই ! গিয়েছ কোথায় ?
বিসন্না বকুল শাথে, কোকিল মুঁথন ডাকে,
আব্ধুল করিয়া প্রাণ স্বর্গীয় ভাষায়,
ভগাই তাহাঁর কাছে, কি বলিতে আসিমাছে,
দেগে'ছে কি ভাই তোরে হায় ! হায় ! হায় !

ъ

ভাই! পিরেছ কোথার ?
ভবার উঠিলে ববি, স্থলর সোণার ছবি,
ভাবিরা স্বর্গের দৃত শুধাই তাহার,
দেখেছ কি হে দিনেশ, কোথা সে, ত্রিদিব দেশ,
প্রাণের সোদর মম দেখেছ তথার ?

৯

ভাই ! গিয়েছ কোথায় ?
বরষি অমৃতকর, আ'দে যবে স্থাকর,
ভাবিয়া ত্রিদিববাদী দেবতা তাহায়,
ভধাই তাহার কাছে, দে কি কভু দেথিয়াছে,
দেব বালকের দনে দেবতা তোমায় ?

50

ভাই! গিমেছ কোথার ?
শীতল মলরানিলে, দগ্ধ অক ছুঁরে দিলে,
স্বর্গীর প্রশে উঠে শিহরিয়া কায়,
অমনি আকুল মনে, শুধাই সে সমীরণে,
স্বর্গের সংবাদ দিতে এসেছ আমায় ?

25

ভাই! গিয়েছ কোথায় ?
সায়াছে স্থনীলাকাশে, যথন তারকা হাসে,
ব্যাপিয়া অসীম সীমা স্বর্গীয় শোভায়,
শুধাই তাহার কাছে, কে তোমারে দেখিয়াছে,
কোথা সে ত্রিদিব দেশ হায়! হায়! হায়!

25

তাই ! গিমেছ কোথার ?
বেখানে মায়ের কাছে, সারদা প্রমদা আছে,
তগিনী জনক দেব বিরাজে যথার,
সেথানে গেছ কি তুমি, তাজিয়া মরত ভূমি,
কোলিয়া নাদারে তব একা—অসহায় ?

১৩

ভাই! গিরেছ কোপার ?
বিসিয়া মারের কোলে, জনকের স্নেহ বোলে,
সারদার প্রমদার প্রীতি মমতার,
ভূলে কি রহিলে ভাই, দাদা বলে মনে নাই,
অথবা আসিতে তারা দিলু না তোমায় ?

38

ভাই ! গিয়েছ কোথায় ?
ভধাইও মার কাছে, আমারে কি মনে আছে,
তোর মত কবে কোলে করিবে আমায় !
ভধাইও সারদারে, এত ভালবাসি যারে,
ভুলিয়া করে কি মনে দেবের দুয়ায় ?

.

ভাই! থিরেছ কোথার ?

যদিও দেবের দেশ, নাহি ত্বংশ—নাহি ক্লেশ,

চিরশান্তি চিরস্থথে পূর্ণ সম্দার,

জনক জননী আছে, কি ভর তাদের কাছে,
আদরে সারলা সদা রেথেছে তোমায়!

এদেশে কেইই-নাই, গুরু ছিম্ম হ'টা ভাই,

আত্মীয় বান্ধবে পূর্ণ রয়েছ তথার,

তথাপি আকুল মন, তবু চিন্তা অহুক্শন,

জানিতে কুশল তব প্রাণ সদা চায়!

ভাই! থিরেছ কোথায় ?

দই আবাঢ় ১২৯৪ সন, চিত্রপুর বাগানবাটী, শেরপুর, ময়মনসিংহ।

আত্মহত্যা।

[কোন যুবতীর বিষপানে মৃত্যুপলকে লিখিত] মাব্দে

মানিনি ! কি অভিমানে হইরে পাষাণ, আকঠ ভরিয়ে বিষ করেছিস্ পান ? এত কি হইল ছুণা, গেলনা জীবন বিনা, কোন্ মুর্থ করিয়াছে এত অপমান ? এমন অষত্বে হায়, অনাদরে অবজ্ঞায়,

হ'পায় ঠেলিল কে রে মণি—মুল্যবান ?

সতাই পাপিষ্ঠ নরে, এত অত্যাচার করে,

মানবের বুকে কিরে দানবের প্রাণ

আহা হা, স্বর্গের দেবি! সে রাক্ষ্যে নিতা সেবি,
পতি পুত্র ভ্রাতা রূপে সাধিস্ কল্যাণ!
তোর মত আছে কে রে, স্বর্গ মন্ত্য ত্রিসংসারে,
প্রাণময়ী মৃর্ভিমতী আয়া-বলিদান ?

কোন মূর্থ করিয়াছে এত অপ্যান ?

₹

কি ছঃথেরে পাগলিনি, হইরে পাবাণ,
আকণ্ঠ ভরিষে বিষ করেছিদ্ পান ?
কার সোণামুধী তরী, কারে রে কাঙ্গাল করি,
অকালে ড্ৰিলি বিনা ঝটকা তৃফান ?
কার রে আছিলি তুই, স্থামন্ত্রী বেলী যুই,
যৌবন বসত্তে তরা প্রেমের উদ্যান ?
কা'রে বিধি প্রতিক্ল, কা'র সে স্থানির ফুল,
অকালে থসিলি কার কাঁদাইয়া প্রাণ ?
কে সে হতভাগ্য হায়, প্রেমপূর্ণ পূর্ণিমার,
অকালে যাহার তুই শশী অস্তয়ান ?
কি থেদেরে পাগলিনি! তাজিলি পরাণ ?

•

কি হৃঃথেরে পাগলিনি, হায়, হায়, হায়, অমূল্যু ধীবন দিলি এমন হেলায় ? মেহ ভূলি মায়া ভূলি, স্বহন্তে গ্রন ভূলি,
কোন্ প্রাণে হা মানিনি! দিলি রসনাম ?
একটু হ'লি না ভীত, একটুকু দশন্ধিত,
একটু কাঁলেনি প্রাণ প্রাণের আশায় ?
প্রাণে এত ভূছবোধ, হা ক্ষীরোদ! হা নির্কোণ!
যৌবনজীবনে কিরে শোতা কারো পায় ?
সংসারে জনমে দ্বণা, দেখিনিরে তোরে বিনা,
বালিকা বয়সে কার বাসনা ফুরায় ?
কি ছঃথে থাইলি বিব হায়, হায়, হায়!

কি হু:থেরে অভাগিনি, থাইলি গরল,
নবীন বরুদে হেন শশী শতদল ?
জীবনের যত আশা, স্থুথ শাস্তি ভালবাদা,
প্রাণের পিণাদা কিদে নিবিল দকল ?
বুকভরা অভিলাষ, সে আনন্দ দে উনাদ,
দকলি জন্মের মত গেল রসাতল ?
হা পাষাণি ! সর্কনাশি! এমন রূপের রাশি
বিচ্ছিন্ন কুসুম তুল্য করিলি বিফল ?
অই যে রজত-কার, জ্যোছ্না মুর্ছা যায়,
আননে ফুটিয়া আছে কিরণ কমল!
অই বে স্থনীল আঁখি, স্বেহ লাজে মাথামাথি,
লাবণ্য-বস্তার ছিল নীলাছ চঞ্চল!
কমলে গোলাপে গড়া, ও অধর মধু ভরা,
এখনো এখনো বেন করে টলমল!

আহা হা, এ ক্লপরাশি, হা পাষাণি সর্জনাশি, দর্পণে দেখিয়া কলু মুছি অশুজল, করেছিলি সিক্ত নাকি বসন অঞ্চল ?

¢

আহা হা, একটু দরা হ'লনা পাবালে,
এত কি প্রবলা দ্বণা অবলার প্রাণে ?
রমনীর এত জেল, কি এত গভীর থেদ,
জক্মেপে চাহেনা কিছু তৃণবৎ জ্ঞানে !
মর কিংবা বাঁচ কেহ, কাহারে নাহিক স্নেহ,
আতদ্ধে করণা কাঁদে চাহি তার পানে !
এ ব্রহ্মাণ্ড তুচ্ছ বোধে, মহা রাগে—মহা ক্রোধে,
চন্দ্র হাঁত ভেঙ্গে ফেলে আঘাতি চরণে !
ছিল্লমন্তা আত্মঘাতী, পাবানী রমনী জাতি,
জগৎ জ্ঞানা'রে দের মহা অভিমানে !
এত কি প্রবলা দ্বণা অবলার প্রাণে ?

৬

এই দে শিশুটা তোর হার, হার, হার,
কাঁদিরা আকুল দেথ্ মাটীতে লুটার!
একটু দেনারে ক্ষীর, শুক্তপ্ত শিশুটীর,
কীরোদ, কোলের বাছা আকুল কুধার!
ছি!ছিু!ছি! বুকের ধন, এত তারে অযতন?
শুনিনি জননী হেন পাষাণের প্রার!

ছেলে যদি 'মা,মা' ডাকে, মাদ্যের কি রাগ থাকে ? ক্ষেহের সাগর তার উছলিয়া যায় ↓ ক্ষীরোদ, শিশুটা তোর কাতর ক্ষায় !

9

হা মানিনি! চকু তুলে দেখ একবার,
অভাগিনী জননীরে কি দশা তাহার!
দেখ একবার চেয়ে, হা পাষাণি চকু থেয়ে,
দেখুরে হৃদয়রত্ন ছিলি তুই যার,
পড়িয়া চরণ তলে, দে অভাগা অক্ষজলে,
কাতরে কাঁদিছে কত করি হাহাকার.! কথনো ধরিয়া পায়, দীন ভাবে কমা চায়,
আতদ্ধে শিহ'রে আহা উঠিছে আবার;
দেখুরে হৃদয়রত্ন ছিলি তুই যার!

ы

তবুকি একটু দরা হয় না পাষাণে ?
রমণী কঠিনা কিরে এত অভিমানে ?
কি দোষে—কি দোষে গেলি, পতি পুত্র পায় ঠেলি,
চাহিলিনা হা নিদয়া কারো মুথ পানে ?
মায়্রের মত কিরে, নাহি ছিল ও শরীরে,
রচিত ধমনী শিরা নর উপাদানে ?
ছিলনা হৃদয় ও'তে, দয়া মায়া থাকে যা'তে,
কেবলি কি ছিল উহা ভরা অভিমানে ?
রমণী কঠিনা হ'তে এত কিরে জানে ?

_

এত কি জানিভি তুই হা রে ও সরলা ?
তবে কিরে মিখ্যা নহে, জ্যোতির্ব্বিদ্ যাহা কহে,
পর্বত প্রস্তরে অই ভরা চক্রকলা ?
কাদম্বিনী হাসি মুখে, সত্যই কি রাথে বুকে,
লুকাইয়া বজুবহি—ও নহে চপলা ?
এত কি কঠিনা তুই হা রে ও সরলা ?

٥.

ভয়ানক জেল তোর ভয়ানক মান,
অটল প্রতিজ্ঞা তোর হিমাদি সমান!
পরকালে নাহি ভয়, আশকা কাহারে কয়,
জানে নাই যেন অই স্বাধীন পরাণ!
বিমৃক্ত বায়ুর প্রায়, পর্বত লজ্মিয়া যায়,
নাহি তার উচ্চ নীচ ভেদাভেদ জ্ঞান,
রমণী এমনি কিরে কঠিন পরাণ?

11

कीटबान !

আমিও রে ভোর মত, উদ্যম করেছি কত,
বাধিতে পারিস্থ কই পরাণে পাবাণ ?
বসি অন্ধকার ঘরে, কালকুট নিম্নে করে,
প্রাণ ভরে ডাকিয়াছি কোথা ভগবান!
দেথ একবার প্রভু, নিষ্ঠুর সংসার কভু,
দেথিপনা হৃদরের যে মহা শ্মশান,

দেখ সেই দগ্ধ ঠাই, স্থথ নাই, শান্তি নাই,
দেখ সেই ভস্মভরা ধু ধ্-করা প্রাণু !
নাহি জানি পাপপুণা, হুদয় করিয়া শৃত্ত,
বুকভরা ভালুবাসা করিয়াছি দান,
ভবু ত নিষ্ঠুর কেহ, একটু করেনি সেহ,
কাঁদিয়াছি ঘারে ঘারে কাঙ্গাল সমান !
আজি এই হলাহলে, যে চিতা হুদয়ে জলে,
জনমের মত দেব করিব নির্বাণ,
অস্তিমে আয়ায় শান্তি করিও প্রদান!"

> 2

কিন্তু সে প্রতিজ্ঞা মোর হ'লনা সফল,
তোর মত মোর ভাই, অদম্য উদ্যম নাই,
নাহিক তেমন এই হৃদরের বল!
তেমন সম্মানবোধ, নাহি মোর হা ক্ষীরোদ!
তা হ'লে কি আর সেই তীত্র হলাহল,—
কি লজ্জা! ছুঁইতে ঠোটে, পরাণ চমকি ওঠে,
নিক্ষেপিয়া দ্রে ফেলি বর্ষি অশ্রুজল!
ক্ষীরোদ, প্রতিজ্ঞা মোর হ'লনা সফল!

20

যদিও—

হন্দনি সফল হায় প্রতিজ্ঞা আমার,

কিন্তু বে করিব চেটা আর একবার !

বিদিয়া শাশানে তোর, যবে অমানিশি ঘোর, ঘুমা'য়ে থাকিবে যবে দমস্ত সংসার, পরাণে মাথিব ছাই, সে সাহস যদি পাই, অদম্য উদ্যম তোর শক্তি ছনিবার! "সে তেজ অপ্রতিহত, সে আকাজ্ঞা উগ্র কত, বিশ্বনাশী সে বৈরাগ্য, বজ্র-অঙ্গীকার, দে একাস্ত একাগ্রতা, প্রাণগত নির্ম্মতা, দেখিব পাইনি তোর কুদ্র বালিকার!

38

कीद्राम !

িক তোর বৈরাগ্যভাব, ঘোর অভিমান,
স্মরিতেই ভক্তিভরে নত হর প্রাণ!
কে তোরে করিবে ঘূণা, নরক পিশাচ বিনা,
কে না বোঝে হৃদরের স্বর্গীর সন্মান,
আমি তোরে প্রিয়দেবি, হৃদর মন্দিরে সেবি,
শ্রন্ধার অঞ্জলি নিত্য করিব প্রদান!
আমি বড় ভালবাদি, ছিন্নমন্তা রূপরাশি,
বিশাল বৈরাগ্যভাবে বড় মাতে প্রাণ,
আমি তোরে প্রিয় দেবি, হৃদর মন্দিরে সেবি,
প্রীতির অঞ্জলি নিত্য করিব প্রদান!

যা তবে কীরোদ দেই স্থখনর স্থান, শ্বগীর শাক্তির কোলে জুড়া গিরে প্রাণ! যথা ব্রহ্মপুত্র তীরে, ও স্থতস্থ ধীরে ধীরে,
পবিত্র পাবকে হবে ভক্ষ অবসান,
গভীর নিশীথ কালে, বসি সেই টিতাশালে,
তোর ও ভৈরবী মৃর্দ্তি করিব ধেয়ান!
অভ্যা বরদা বেশে, সে ঘোর শ্রশান দেশে,
দিদ্ধির সাধনা রূপে হয়ে অধিষ্ঠান,
ভক্তের বাসনানল করিদ্ নির্মাণ!

16

আহা!

অই যে ডাকিল পাণী আদর-সন্ধ্যায়,
বাগানে কুস্কম ফোটে, আকাশে তারকা ওঠে,
তেমনি শীতল বায়ু ধীরে ব'য়ে যায়,
হা ক্লীরোদ, তোর লাগি, কেহ নহে ছংথভাগী,
এই যে একাকী ভুই চলিলি কোথায়!
এই যে চলিলি একা, আর ভ হবে না দেথা,
আহা হা, শ্বরিতে যেন বুক ফেটে যায়!
পথের সামান্ত ধূলি, এ সামান্ত ভূণ গুলি,
সকলি রহিল যদি হায়! হায়! হায়!
ক্লীরোদ! একাকী ভুই চলিলি কোথায় ঃ
ময়মন্বিতে

' পুষ্পময়ী।

[পুষ্পমন্ত্রী নাম্রী কোন খ্রীষ্টান বালিকার মৃত্যুতে তাহার জননীর উক্তি।]

5

কোথা যাদ্ পুষ্পময়ি আর মা আমার! যাদ্নে যাদ্নে ছেড়ে, ছ্থিনীর আছে কেরে. ভূলিলি কি গুলবাদা কাঙ্গালিনী মার? কোথা যাদ্ পুষ্পময়ি আর মা আমার!

₹

হৃদরের বৃত্ত শৃত্ত করিয়ে কোথায়—
মারেরে না বলে কয়ে, পাষাণের মত হ'য়ে,
কোমল কুস্থমপুষ্প !—হায়! হায়! হায়!
করিয়ে হৃদয় শৃত্ত যাদ্রে কোথায় ?

9

যাদ্নে যাদ্নে ফিরে আয় মা আমার,
, আজ্ যে প্রাণের 'পুষি,' করিদ্ যা' তোর খুদি,
এত যে বারণ তোরে করি বার বার!
আগে তে অবাধ্য তুই ছিলি না আমার!

আই যে সেজেছে মেঘ দেখ 'পুৰি' চেরে, হিম জল লেগে গার, কফ কাসী হবে তার, যাস্নে বাহিত্বে তুই ছথিনীর মেরে! আই যে সেজেছে মেঘ দেখ 'পুষি' চেরে!

¢

আই দেখ মেবে মেবে বিজ্ঞলী থেলার, এখনি পড়িবে বাজ, বড়ই হুর্য্যোগ আজ, দেখ দেখি ছেলে পিলে কে বাহিরে যায় ? ভয় পাবি পুসামন্তি আয় কোলে আয়ু!•

ď

যাস্নে সেথানে তুই, আরু মা আমার ! তোর আরো আট ভাই, গেছে সে বিষম ঠাই, কেহই ফিরিয়ে তারা আসিল না আর, তাই তোরে যে'তে 'পুৰি' দিব না এবার !

9

সেখানে মাকুষ গেলে ভূলে যার সব,
কি জানি সে মাঠে আছে, যাহারা সেথানে গেছে,
কিছুই থাকেনা মনে আত্মীয় বান্ধব!
কি আছে দে শৃক্ত মাঠে ভোলে যে মানব ?

۳

শুনেছি সেধানে নাকি যর বাড়ী নাই, শুনেছি সে শুনা মাঠে, দিনে যেতে প্রাণ ফাটে, বড়ই নিৰ্জ্জন সেই সমাধির ঠাঁই ! যাস্নে রে, সন্ধ্যাকালে একা যেতে নাই !

ð

কি ক'রে কফিনে তুই থাকিবিরে ও'রে ? উপরে বহিবে ঝড়, শিলাবৃষ্টি বহুতর, একাকী 'দফন' ক'রে আসিবেরে থুয়ে! কি করিয়া শুনা মাঠে থাকিবিরে ও'য়ে?

٥ د

একি রে দত্যই 'পুষি' ছাড়িয়া চলিলি ? করুণা মমতা যত, দকলি জ্বেরর মত,— আহা হা, পাষাণ প্রাণে মারেরে ভুলিলি ! কি করিয়া দয়া মায়া বিসর্জন দিলি ?

>>

রাথগো কফিন ডু'লে দেথি একবার, দেথি এই জন্ম-শেষ, মায়ের স্থলর বেশ, দেথি অই পুতাময়ী বালিকা আমার! দেথি আজ জন্ম-শেষ,—দেথিব না আর!

32

এই যে রয়েছে পুষ্প মুদিরা নয়ন,
পূর্ণিমার শশধর, যেন কাল জলধর,
চুরি করি রাখিরাছে ক্রি আচ্ছাদন!
এই যে কফিনে পুষ্প মুদিরা নয়ন!

50

পুস্মরি ! মা আমার ! নয়ন মেলিয়া দেথ একবার চেয়ে, দেখরে পাষাণী মেয়ে, বুকের শ্বাযাণ থানি সরাইয়া দিয়া, দেথ তোর অভাগিনী মায়েরে চাহিয়া!

58

হায় ! হায় ! সহেনারে, কি বলিব আর,
স্মরিতে ফাটেরে হিয়া, বুঝাইব কি যে দিয়া,
মা ব'লে মায়েরে 'পুবি' ডাক্ একবার,
হ'য়ে নব পুত্রবতী, হায় বিধি এ হুর্গতি,
লিথেছিলে কি যে পাপে কপালে আয়ৢমায় ?
মা ডাকের কাঙ্গালিনী হইয় এবার !

54

থাকিবিনা বদি 'পুৰি' বা তবে সেধানে,
যা তবে সেধানে তুই, কথা ভমে গোটা ছই,
বলিবি যাইয়া ভোর ভাইদের ছানে,
"মা দি'ছে পাঠা'য়ে ভাই, চল সবে চল যাই,
তোমাদেরে নিরে বাব মায়ের সেধানে!
যাবে ব'লে চলে এলে, আর না ফিরিয়ে গেলে,
ছবিদী জননী ভাই কেঁদে মরে প্রাণে!
মা দি'ছে পাঠা'রে, চল মারের সেধানে!

ষয়মনসিংহ।

মা-মরা মেয়ে।

>

মা-মরা ছথিনী মেয়ে বড় যন্ত্রণার !
মা-মরা ছথিনী মেয়ে, এ বরে ও যরে ্থেরে,
থোঁজে নিতি পাতি পাতি জননী তাহার !
ভধার আসিয়া কাছে, "বাবাগো মা কোথা আছ ?"
পারিনা উত্তর দিতে শিশু বালিকার !

ર

দা-মরা ছথিনী মেরে, বারে দেখে তারে যেরে, মাব'লে আঁচল ধরে টানে অনিবার, কিন্তু চেরে মুখপানে, ফিরে সে নিরার্শ প্রাণে, দে দৃশ্য দেখিতে বিশ্ব দেখি অন্ধকার!

3

মা-মরা ছখিনী মেন্নে, কোলে উঠে চেন্নে চেন্নে, কিন্তু কে লইবে কোলে কে আছে তাহার! কিহুতে নাহিক ভোলে, উঠিবে মান্নের কোলে, প্রারিনা কোনের মেন্নে কোলে নিতে আর!

8

মা-মরা ছখিনী মেরে, চুমা ধার চেরে চেরে, একাকী চুমিতে আজি বহে অঞ্ধার! এই না হ'দিন আগে, হ'জনে কড সোহাগে, একত্তে খেয়েছি চুমা কপোলে তাহার !

মা-মরা ছথিনী মেরে, থাকে শুধু পথ চেরে, বে পথে চলিয়া গেছে জননী তাহার! আসিতে চাহেনা ঘরে, কাঁদিরা পাগল করে, হার সে প্রাণের জালা নহে বলিবার!

মা-মরা ছথিনী মেয়ে, বিছানার ও'তে যেয়ে,
মায়ের লাগিয়া স্থান পাশে রাথে তার,
নিশীথে ঘুমের ঘোরে, মা বলিয়ে গুলা ধরে,
কে জানে মা-মরা মেয়ে এত যন্ত্রণার!

মা-মরা ছবিনী মেয়ে, যদিও দেখিতে চেরে, হুদরে উছলে উঠে শোক পারাবার, তবু জীবনের আশা, একমাত্র ভালবাসা, সারদার স্থতিচিক্ত মণিই আমার!

মণিরে গিয়েছে রেখে, হাসিব কাঁদিব দেখে,
সান্ধনা মণিই তার লেহ মমতার!
মণিরে রাখিয়া বুকে, মণিরে দেখিয়া স্থেই,
অন্ধিমে যাইব চলি নিকটে তাহার!
সারদার শ্বিতিচিক মণিই আমার!

কে আছে আমার ?

>

কে আছে আমার ?

এই যে বিশাল ধরা, কত রাজ্য দেশভরা,
কত জনপদ গ্রাম সংখ্যা নাহি তার !

কে আছে এ পৃথিবীতে, এ দগ্ধ জলস্ত চিতে,
একটু সান্ধনা দিতে কে আছে আমার ?
এত হুঃধ্যে মনস্তাপে, এত কাঁদি শোকে তাপে,
এত যে ভাঙ্গিয়া গলা করি হাহাকার !
ভুনক্ষেপে চাহেনা ফিরে, কেহই শোনে না কিরে ?
বিশাল ব্রহ্মাণ্ডে আহা কে আছে আমার ?

ર

কে আছে আমার, আমি একা—অসহায়,
দেখেছি আমার ছথে, দয়া নাই কারো বুকে,
এক বিন্দু অশ্রুজন নাহি এ ধরায়!
দেখেছি খুজিয়া ধরা, শুধু নিষ্ঠুরতা ভরা,
একটু মমতা স্নেহ নাহি পাওয়া য়য়!
খুজিয়াছি পৃথিবীরে, অস্থি মজ্জা শিরে শিরে,
প্রতি অণু পরমাণু রেণু কণিকায়,
একটু হমতা স্নেহ নাহি পাওয়া য়য়!

9

কে আছে আমার ? আমি একা—অসহার,
যেথানে পেথানে আছি, মরি মরি—বাঁচি বাঁচি,
সংসার, তোমার তা'তে কিবা আ'দে যার !
আমি যাই অধঃপাতে, ক্ষতি কি তোমার তা'তে,
কাঁদেনা তোমার প্রাণ পাষাণের প্রায়!
ভিধারী ভিকুক বেশে, ফিরিতেছি দেশে দেশে,
পাইনা একটু দরা কাঁদিয়া কোথায়!
একটা মেহের ভাষা, একটুকু ভালবাসা,
একটা নিখাস দীর্ঘ,—হার, হার, হার,
গাইনা একট দরা কাঁদিয়া কোথায়!

8

একাকী সংসারে আমি, কে আছে আমার ? ভাই-হারা বন্ধ-হারা, দেশ-ছাড়া লন্ধী-ছাড়া, এমন কপালপোড়া আছে না কি আর ? আছে কি আমার মত, লগতে ছর্ডাগা এত, "আমার" বলিতে যার নাহি অধিকার ? এমন "আমার-হারা," কোথা আছে আমি ছাড়া, বিরাট বিশাল বিশ্ব পুঁলে মেলা ভার! সামান্ত পথের ধূলি, হৃদরে লইতে ছুলি, সৃক্টিত হয় চিত্ত নাহি পারি আর!

e

আমি যেন সংসারের কেছ কিছু নই,
জগতে কিছুতে মম নাহি অধিকার!
রবি শশী সমুদয়, এই যে উদয় হয়,
ঘুচাইয়া সকলের আথি অদ্ধকার;
ইহারা আমার তরে, আলো দান নাহি করে,
কে আমি এ সংসারের—আমি কোন্ ছার!
এই যে সমীর বহে, আমার লাগিয়া নহে,
তক্ষ, তৃণ, ফল, শশু ধরেনা আমার!
তবু বেহায়ার মত, ঘুণায় লজ্জায় এত,
নিছুর জগতে আছি, ধিক্ শতবার,
এত হেয় অবজ্ঞের জীবন আমার!

Ġ

কেন এ সংসারে আছি, কার মমতার ?
শৃগাল কুরুর ভিরু, বান্ধব নাহিক অন্ত,
শকুনী গৃধিনী মম শেবের সহার !
কাকের কর্কশ রবে, সাম্বনা পাইতে হবে,
এই মম পরিণাম হার, হার, হার,
কেনু এ সংসারে আছি—কার মমতার ?

9

কোন্ কালে ছিঁড়িয়াছে ভবের বন্ধন, মিছে সে আশার আছি, মিছে সে আশার বাঁচি, মিড়ে শুধ দেশে দেশে করি অবেষণ। এই যে বিখাল ধরা, এত নর নারী ভরা, একটা মিলিল কই মমতা তেমন

এদেশে আছে কি তারা, পাপির্চ মামুষ ছাড়া ? দেবতা দৈত্যের দেশে তির্চেনা কথন !
মিছে তথু দেশে দেশে করি অধেষণ !

মিছামিছি দেশে দেশে অমিয়া বেড়াই,
যারে দেখি তারে যেয়ে, ভধুই ভধাই গ্রিয়ে,
তুমি কিরে জগবন্ধ জীবনের ভাই ?
তুমি কি ভগিনী মম, প্রাণ হ'তে প্রিয়তম,
পূজনীয় দেবী সম আমি যায়ে চাই॰?
দেখিলে বালিকা মেয়ে, মিছা কোলে করি যেয়ে,
প্রাণের প্রমদা ব'লে মিছে চুমা খাই-!
কেহই বলেনা কথা, কি ভীষণ নিষ্ঠুয়তা,
অনাদরে প্রাণ মন পুড়ে হলো ছাই !
একটুকু ভালবাসা, একটা স্নেহের ভাষা,
এক কোটা আধিজল কোথাও না পাই!
সত্যই এ বস্থম্মরা কেবলি রাক্ষদ ভরা,
দরার সে দেবতারা এ জগতে নাই !
মিছামিছি দেশে দেশে অমিয়া বেড়াই!

মিছামিছি নিশি দিশি করি অবেষণ, দেখিরাছি অনিমেবে, অনন্ত আকাশ দেশে, উঠে কত রবি শশী গ্রহ তারাগণ, পুজিয়াছি পাতি পাতি, সে নব লাবণ্য ভাতি,
একটা সারদা নাহি মিলে কদাচন!
একটা ভগিনী ভাই, অনত আকাশে নাই,
একটা প্রমদা নাহি তোবে প্রাণ মন!
ওঠে কত শশী তারা তরুণ তপন!

9 6

মিছামিছি দিশি দিশি করি অবেষণ,
উপবনে শত শত, দেখেছি কুস্থম কত,
কামিনী গোলাপ কুল করবী কাঞ্চন!
দেখিয়াছি ফুলে ফুলে, কি মঞ্জরী কি মুকুলে,
সারদার স্নেহ স্থা মিলেনা তেমন!
ভগিনী ভাইরের মত, ভালবাসা নাহি তত,
গামাত্ত গোরতে নাহি জুড়ায় জীবন!
দেখিয়াছি সরোবরে, কমল কুমুদ ধরে,
একটী প্রমদা নাহি কোটে কদাচন!
মালতী মাধবী জাতি, স্ব্যুম্খী বেলী যুখী,
বকুল বাছুলী বক সেউতী রজন,
দেখেছি কুস্থম কত, উপবনে শত শত,
একটী সারদা ফুল কোটেনা কখন!
দেখেছি বসন্ত কালে ভরা উপবন!

>>

শুনেছি বসত্ত কালে কোকিল ক্লন, শুনিয়াছি শাথে শাথে, পাপিয়া দুয়েল ডাকে, শ্যামার সলীতে বটে ভূলার ভূবন, দেখিয়াছি ষথা তথা, মৃততক মৃতলতা,
মঞ্জরী মৃকুলে কুলে জাগে উপবন!
কিন্তু এ পাথীর গানে, সে স্থা পঁশেনা প্রাণে,
সারদা-প্রমদা স্থা ঢালিত যেমন!
ভগিনী ভাইরের ভাষা, মিটাইত যত আশা,
কলকঠে সে পিপাসা হয়না বারণ!
ভনেছি বসস্তকালে কোকিল ক্রন!

25

মিছামিছি দিশি দিশি শ্রমি অকারণ,
দেথিয়াছি অন্বেষিয়া, অমর ভ্বনে গিরা,
দেবতা ছত্তিশ কোটি স্বরবালাগণ,
অমর ঐশ্ব্য চর, দেথিয়াছি সমুদর,
দেথিয়াছি কুস্থমিত দেব উপবন!
সারদা ভগিনী ভাই, প্রমদা দেখানে নাই,
অমর জানেনা আহা মমতা তেমন!
দেথিয়াছি পর্থিয়া, দেবতার স্থা দিয়া,
প্রাণের জ্লস্ত জ্লালা নহে নিবারণ!
দেবতা জানেনা আহা মমতা তেমন!

মিছামিছি দেশে দেশে করি অবেষণ, দেখেছি খুজিয়া স্বৰ্গ, মিলে বটে চতুর্ব্বর্গ, মিলে স্থুখ মিলে শাস্তি অনস্ত জীবন! দেখিয়াছি অবেষিলে, দালোক্য সাযুজ্য মিলে, মিলে সে নির্ব্বাণ মুক্তি করিলে সাধন! কিন্ত সে ত্রিদিব ধামে, জনক জননী নামে,
দেবের দেবতা নাহি মিলে কদাচন !
কোথা সে পবিত্র ঠাই, করনায় নাহি পাই,
কোথা ব্রহ্মা বিষ্ণু শিব করিছে পূজন,
দেবের দেবতা তারা কোথায় এথন !

20

মিছামিছি দেশে দেশে করি অবেষণ,
তিদিবেও নাহি যারা, র্থা খুঁজি বস্থল্লরা,
কে আছে এমন মূর্থ আমার মতন ?
তথু এ দৈত্যের দেশে, মানব মানবী বেশে,
দানব দানবী আছে ভরিয়া ভুবন!
করণা মমতা শৃষ্ঠ, নাহি জানে পাপ পুণ্য,
পিশাচ রাক্ষস গুলা কাহার স্কলন ?

মিছামিছি দেশে দেশে করি অবেষণ!

>4

কেন এ সংসারে আছি, কার মমতার ?
শূগাল কুরুর ভিন্ন, বান্ধব নাহিক অন্ত,
শক্নী গৃধিনী মম শেবের সহার !
কাকের কর্কশ রবে, সান্ধনা পাইতে হবে,
এই মম পরিণাম—হার ! হার ! হার !
কেন এ সংসারে আছি,—কার মমতার ?

ংই কারন—১২৯৩ সন,
শীতলপুর—বাগানবাটা ।

শ্মশানে সম্ভাষণ।

٠

সারদা! "এসেছি আমি দেখগো চাহিয়া,
এই যে এসেছি আমি, তোমার সে 'প্রিয় স্বামী',
এই যে নিকটে দেবি ডাকি দাঁড়াইয়া,
আদরে হাদয়ে লহ, হাসি মুথে কথা কহ,
অলস অবশ অঙ্গে লহ জড়াইয়া!
তুমি বিনে নাহি কেহ, কে আর করিবে মেহ?
বড় প্রাস্ত বড় ক্লাস্ত, এসেছি চলিয়া,
চথে জল মুথে হাসি, মেহমমী রূপরাশি,
পরাণে ভরিয়া, লহ শত চুম্ব দিয়া!
কেন আছ ছাই ভম্মে শুশানে শুইয়া?

২

সারদা! এসেছি আমি দেখগো চাহিয়া,
আজি কত দিন পরে, ফিরিয়া এসেছি ঘরে,
এই যে নিকটে দেবি ডাকি দাঁড়াইয়া,
ওঠ ওঠ আর কেন, ঋশানশয্যায় হেন,
অযতনে ছাই ভক্ষে আছ বুমাইয়া ?
সরলা! আমারি লাগি, নিশি দিন জাগি জাগি,
আছ বুমে অচেতন জ্ঞান হারাইয়া,
অযতনে ছাই ভক্ষে শাশানে শুইয়া ?

৩

ওঠ, ওঠ!

এই যে এসেছি আমি দেখগো চাহিয়া,
এই যে এসেছি দেশে, উদাসী বিদেশী বেশে,
তোমারে ছদররাণি, দেখিব বলিয়া!
চাহগো বদন তুলে, কমল নয়ন খুলে,
এত হাহাকার কিগো শোন না শুনিয়া?
না শুনে তোমার কথা, না বুঝে ডোমার ব্যথা,
বিদেশে গেছি যে দেবি তোমারে ছাডিয়া,
সেই মানে অভিমানে, পাষাণ বাঁধিয়া প্রাণে,
ছাই ভমে চক্রমুখ আছে লুকাইয়া?
আবো অভিমান কত, করেছ ত অবিরত,
আবার ভূলিয়া গেছ কাঁদিয়া হাসিয়া!
কি দোব করেছি পায়, এ মান যে নাহি যায়,
কাতরে কক্ষণকঠে সহস্র সাধিয়া?

8

ওঠ, ওঠ, আর কেন—চল যাই ঘরে, কে কোথা রমণী হেন অভিমান করে ? কে,কোথা কুলের নারী, ছেড়ে এসে ঘর বাড়ী, একা এসে তরে থাকে চিতার উপরে ? কত লোকে দেখে যায়, ক্রক্ষেপ নাহিক তায়, ছি ছি ছি, নাহি কি লক্ষা নারীর অন্তরে ? কে কোথা রমণী হেন অভিমান করে ? 4

বিদেশে যাবনা আর ছাড়িয়া তোমার,
ওঠ মান পরিহরি, বলিস্থ প্রতিজ্ঞা কঁরি,
ওঠ গো কুরুণাময়ি স্নেহ মমতায়!
আর না বিদেশে যা'ব, না হয় মাগিয়া থা'ব,
ধিক্ সে দাসত্বে ধিক্ শত ধিক্ তায়!
ধিক্ সে দামাল অর্থে, যে তোমার পরিবর্তে,
ফর্নের সাম্রাজ্য আমি ঠেলে কেলি পায়!
যার যাহা মনে লয়, বলুক্—করিনা ভয়,
ক্রুক্লেপ করিনা, তুচ্ছ পরের কথায়!
একাহারে উপবাসে, থাকিব তোমার পালে,
ভূলে যা'ব ক্ষ্ধা তৃঞ্চা দেখিয়া তোমায়!
চাদেরে দেখিয়া রেতে, আনন্দ উলাসে মেতে,
চঞ্চল চকোর যথা সব ভূলে যায়,
ভূলে যা'ব ক্ষ্ধা তৃঞ্চা দেখিয়া তোমায়!

v

ওঠ দেবি দ্যামন্তি, চল বাই খবে,
কত ছঃথ কট সন্তে, কত আলাতন হ'লে,
এই যে এসেছি ফিলে এত দিন পরে,
দেখিয়া তোমার মুথ, ক্ডাইব দগ্ধ বুক,
ক্ডাইব দগ্ধ প্রাণ স্থার মাগরে,
ওঠ ভগ্নি, ওঠ ভাই, ওঠ জায়া খবে বাই,
লহ জননীর যদ্ধে পিতার আদরে!

সকলের সেহসিক্ক, উজলিয়া উঠ ইন্দু,
তোমার অমৃত্যুর প্রেমমর করে !
তুমি বিনা কেবা আছে, যাইব কাহার কাছে,
ভ্রমিয়া দেখেছি সব দেশ দেশাস্তরে,
কংসারে মমতা নাই, আছে ভন্ম—আছে ছাই,
আছে রাক্ষসের রাজ্যে ছাণা পরম্পরে,
নাই অঞ্চলীন ছঃধী শোকার্ডের তরে !

ওঠ দেবি দ্যাময়ি দেবতা আমার,
প্রীতির প্রসন্ন মুখে, লও দে উদার বুকে,
ভূলে যাই সংসারের ঘুণা অত্যাচার,
ভূলে যাই অবহেলা, পদাঘাতে ঠেলে ফেলা,
আদরে মুছায়ে প্রিয়ে লও অক্রধার !'
সংসারের শত পাপে, জলে প্রাণ পরিতাপে,
পবিত্র করিয়ে লও পরশে তোমার !
ছঃখীরে করিতে শ্লেহ, জগতে নাহি যে কেহ,
কেবল তুমিই আছ প্রেমপারাবার,
ওঠ দেবি দ্যাময়ি দেবতা আমার !

এই বোর অন্ধকার নিশীপ সময়,
কেমনে থাকিবে তুমি, একেলা শ্বশান তুমি,
মান্তব দ্রের কথা যমে করে ভর !
শিরাল শকুন পড়া, আথা থাওয়া পচা মরা,
চড়িরা আদিবে তৃত পিশাচ নিচর !

বিদয়া মরার কাঁধে, থাবে মরা নানা ছাঁদে, দৌড়িরা ছুটিবে মরা চারিদ্বিক্ ময় ৄ!
আদিবে কবন্ধ দানা, ডাকিনী যোগিনী নানা,
উত্তে উত্তে গিলে মরা খাবে সম্দ্র !
পচা যত নাড়ীভূঁড়ি, খাইবে পেতিনী বৃড়ী,
হু'কসে গলিত বিঠা ধারা বেরে বয় !
পরিয়া মরার হাড়, সর্ব্ব অলে অলক্ষার,
নাচিবে উলল্প প্রেত পিশাচ নিচয় !
সে বিশাল লক্ষে ঝপো, আতত্তে ধরণী কম্পে,
প্রেক্তি প্রলমে যেন ভয়ে মরে রয় !
দানবের সে তাগুবে, সরলা ! কেমনেক্রেব,
একেলা থাকিতে তব ভয় নাহি হয় ৽
কে আছে মালুষ হেথা এমন সময় ৽

ওঠ দেবি প্রাণমন্ত্রি চল যাই ঘরে,
ছি ছি ছি! নারী কি এত অভিমান করে?
আহা ও সোণার দেহ, কে করে যতন প্রেহ,
অযতনে পড়ে আছে চিতার উপরে!
এই বেঁ পড়িছে হিম, অনস্ত—অপরিদীম,
শীতে যেন তরুলতা কাঁপে ধরথরে!
কেন ঘর বাড়ী ধুয়ে, শ্মশানে রহিলে ভয়ে,
যামিনী দেখিয়া তার আধি-জল ঝয়ে!
সরলা! তোমারি ছবে, অই যে বিষয় মুথে,
কাতরে শিয়ালগুলি "আহা, উছ" করে!

এমন সোণার দেহ, ঋশানে দেখিয়া কেহ, ধৈর্য ধরিতে নাুকি পারে গো অন্তরে ? ওঠ দেবি দ্যাময়ি চল যাই ঘরে !

ওঠ দেবি দরামরি সারদা আমার,
ঠেলে ফেলে ভস্ম ছাই, ওঠ, চল, ঘরে যাই,
থাকিবে শাশানে শুরে কত কাল আর ?
দিন দিন প্রতিদিন, ক্রমশঃ হতেছে লীন, !
মাটাতে মিশিল প্রায় চিতার অঙ্গার!
তবু কি ঘায়নি মান, হয়নি প্রসন্ন প্রাণ,
শুনিয়া শোননা কিগো এত হাহাকার?
অঙ্গারের চেয়ে মান এতই অঙ্গার?

কলিকাডা ৷

শ্মশান-সঙ্গীত।

কে বলে ভয়ে বাস ভীষণ শ্রাণাভূমি,
যেথানে মিশিয়ে আছ প্রাণের প্রেয়সি ভূমি!
যেথানে ভোমারে গিয়ে, ছাদরে পাইব প্রিয়ে,
কে জানে ভাহারে আহা কত ভালবাসি আমি!
যেথানে ভোমার কাছে, প্রাণের প্রমদা আছে,
মেয়ে নিয়ে থেল প্রিয়ে আদরে বদন চুমি!
জনক জননী যথা, ভগিনী মমতা লতা,
ভাবিছে লইতে কোলে "এস বংস! এস ভূমি!"

ভাকিছে প্রাণের ভাই, "এস দাদা! ভয় নাই,
আমরা সকলে আছি,—কেনগো একাকী তুমি?"
স্থ শাস্তি যদি থাকে, যদি কোথা স্বৰ্গ থাকে,
ভবে সে শ্বশানভূমি! তবে সে শ্বশানভূমি!
প্রজ্ঞানিত সে অনলে, শোক ভাপ যাবে জলে,
আনল, অমৃত, প্রেম দিবে সে শ্বশানভূমি!

শ্বতি-দঙ্গীত।

আহা। গেল দে কোথায় १ এই যে আছিল বুকে, হাসিমাধা সোণামুথে, এই যে এখনো তার দাগ দেখা যায় !. এই যে পড়েছে হাসি, এই যে সে কুঁধা রাশি, এই যে এখনো প্রাণ মাধা-মাধা তায়। এই যে দে দেহগন্ধ, মোহময় মৃত্ন মন্দ. এখনো এখনো যেন উছলে হিয়ায়! এই যে এখনো কাণে, বাজে সে ত্রিদিব তানে. কৰুণ কোমল ভাষা হায়, হায়, হায় ! দেখি যেন কাছে কাছে, সে মূর্ত্তি এখনো আছে, নয়নে নয়নে যেন ভাসিয়া বেড়ায় ! চাহিতে পশ্চাৎভাগে, দেখি যেন যায় আগে. কি জানি কেমনে আহা কোথায় মিশায়। মলয় বাতালে আ'সে. চাঁলের কিরণে ভালে. ফুলের স্থরতি খাসে বুকে আসে যায়! আহা! গেল সে কোথায় ?

বিদায়-সঙ্গীত।

যাই যাই বাই নাথ, অনন্তে মিশাই,
কে জানে আর জোমার দেখা পাই কি না পাই!
যত ছিল মনে আশা, যত ছিল ভালবাসা,
সকলি শাশানে আজি পু'ড়ে হ'ল ছাই!
রহিল প্রাণের মানি, রাখিও স্নেহ ভেমনি,
তুমি বিনে অভাগীর আর কেহ নাই!
করেছি যে অপরাধ, ক্ষমা কর প্রাণনাথ,
আজিই বিদার শেষ এই ভিক্ষা চাই!
জানি না যেতেছি কই, জানিনা যেতেছি বই,
জানিনা অজ্ঞাত রাজ্য তবু তথা যাই!

কেহ কা'রো নয়।

নিষ্ঠ্ব সংসারে আহা কেহ কারো নয়,
"তুমি আমার, আমি তোমার" মুথে শুধু কয় !
কত দিন বলিয়াছি, তুমি আছ ব'লে আছি,
প্রাণ গেলে ভূলিবনা,—অভিন্ন হলয় !
কত দিন বলিয়াছি, তুমি আছ ব'লে আছি,
জীবনে মরণে মাথা, উভরে উভয় !
কিন্তু আজি হায় হায়, ভূলেছি লে সম্পায়,
ভূলিয়াছি সরলার সরল প্রণয় !
দিনাস্তে একটী বায়, এক বিন্দু অঞ্ধার,
দেই কৈ না দেই তারে যদি মনে হয়!

স্থ্র-সঙ্গীত।

রাগিণী পিলু বাঁরোরা—তাল কাওয়ালী। প্রিরেণ্ কি তুমি এসেছিলে? নহিলে অমৃত হেন প্রাণে কে পশিলে ? কাল্রেতে ছ'পহরে, দেখিত্র ঘুমের বোরে, গভীর নিশীথে দেই সবে ঘুমাইলে; কে যেন আদিয়া হায়, বসি মোর বিছানায়, কাণে কাণে কি কহিয়া খুম তেঙ্গে দিলে ! ঠিক্ তব রূপরাশি, তোমারি মতন হাসি, চকোর চঞ্চল হয় সেও লো হাসিলৈ ! ধবল বসন পরা, বেলি-বাস গায় ভরা, আঁধারে আলোক হয় সেও দেখা দিলে ! সরলা তোমারি মত, লাজে আখি অবনত, পরাণ কাড়িয়া নেয় একটু চাহিলে! স্থনর গোলাপী গাল, তোমারি মতন লাল, জানিনা বিধাতা জানি কিসে বানাইলে। হাসিয়া সে সোণামুখে, ঢলিয়া পড়িল বুকে, গলিয়া অমৃত ধারা পরাণে পশিলে ! সরলা ! সত্যই কাল তুমি এসেছিলে ?

১১ই आवन-১२४२ मन,

সতীদেহ কঠে মহাদেবের নৃত্য ।
" মহাদের সভীদেহং ককে নিধার বৃভাতি।"

এমন, স্থানর নাগর কেহেঞ প্রেমে চল চল, প্রেমেই বিহ্বল, পরাণ পাগল মেহে! স্কাবিদ্বিনী, প্রিয় প্রণয়িনী,

বেন, প্রেমের প্রবাহ দেছে!

এমন, উদার প্রেমিক কেছে?

2

প্রেমের ধেয়ান, প্রেমের গেয়ান, প্রেমিক ভাপসবর,

তাধিয়া তাধিয়া, শিক্ষা বার্জাইয়া, বড় স্কুন্দর নাচিছে হর!

পিশাচ ভূত, প্রেত অযুত,

বাজায় ডমক গাল,

বিকট রঙ্গে, প্রমণ সঙ্গে,

নাচিছে তাল বেতাল ! বিশ্ব প্রেমিক, পিণাকধক.

পঞ্মে ধরিছে তান,

উথলে রুজ্র সমুদ্র,

প্রথমে গাহিছে গান! বিরাট দক্ষে, ধরণী কম্পে,

কুক চরণ ভরে,

নাহিক শব্দ, 'সমীর স্তব্দ, বাস্থকী কাঁপিছে ডরে ! এমন, প্রেমের পাগল কৈছে ?

প্রেমে চল চল, রক্ত উচ্ছল. উৰ্দ্ধ নয়ন হয়,

বিশ্ব দাহ, বহ্নি প্রবাহ, ললাট ভাসা'য়ে বয়।

বিরহ কলাল, গলে অস্থি মাল,

ছলিতেছে দলম্বল. মহা কালকৃট, কলক্ল গাঁৱল.

করেছে কণ্ঠের তল !

পর উপহাস, পরা দিক্বাস

লজ্জায় কেহ না চায়,

মাথার উপর, গর্ম্জে বিষধর, ক্রকেপ নাহিক তায় !

রপ কর্তাকে, কুদ্র কটাকে,

লুপ্ত কলুষ মোহ,

জ্ঞান চৈত্তভা, প্রেমেরি জন্ত,

নেত্রে গলিত লোহ।

প্রেম প্রশান্তি, বিনোদ কান্তি, অকলক পশধর,

শোভিছে কপালে, স্নিগ্ধ কর জালে, ্জগত উক্তলতার।

প্রেম ও ফুল।

স্বার্থ, স্থরতি, ভন্ম বিভৃতি, রঞ্জিত স্থন্দর কায়, শিরে. প্রেমেরি গঙ্গা, চল তরঙ্গা, ত্রিলোক উদ্ধারি ধায়! এ নব বেশ, ভোলা মহেশ, প্রেমের রজত রবি, প্রণয় মর্থ, স্থান স্থান স্থান वामरत विमर्ह कवि ! এমন, প্রেমের পাগল কেছে! নাহি দিন রাত, নাহি শীত বাত, স্থান কুখান জান, নাচিয়া গাইয়া. শিঙ্গা বাজাইয়া পাগল করিল প্রাণ। আপনি মাতিল, পরে মাতাইল, কি যাত্র করিল হর, আকাশ পাতাল, সকলি মাতাল, দেবতা গন্ধর্ব নর। বাজে রুদ্র তাল, মত্ত মহাকাল, মুগ্ধ জগত নাচে, ছাড়িয়া যে যাহার, ছুট্ল সংসার, পাগল ভোলার পাছে। সমীর ধায় ছ ছ, বজ্র গর্জে মৃতঃ. विजनी हिनन दश्य.

তারকা কোটি কোটি, করিছে ছুটাছুটি, • আকাশে উন্মন্ত বেশে। গ্রহ উপগ্রহ, ভ্রমিছে অহরহ,

. टोनिटक मर्जना जात,

বসস্ত ঋতু ছয়, মুগ্ধ হৃদয়, মাস পক্ষ তিথি বার।

ছ্টিছে नतीकून, कतिया कून कून, গাইয়া প্রেমের গান,

নীরধি প্রেমাকুল, নির্থি সে অকুল, আহলাদে ডাকিছে বান,

श्रीमन उक्रमन, नहेरत्र फून फन, অঞ্চলি করিয়ে আছে,

লতিকা পুষ্পবতী, উদার প্রেমে সতী,

ভুলেছে ভোলার নাচে! কোকিলা করে গান, পাপিয়া ধরে তান, শ্রামা স্থলর ভাবে.

, ধঞ্জন শিখিবধৃ, নাচে মৃহ্ মৃহ্,

তাহারি প্রেম বিলাসে। স্বৰ্গে দেবগৰ, পাতালে নাগগণ,

মর্ভ্যে মানবচয়,

তুলিয়া উদ্ধে হাত, গাহিছে এক সাথ, "जप्र এटायित जप्र।"

বাজিছে ক্ষতাল, নাচিছে প্রেতপাল, চিত্ত প্রেমেতে লয়,

গলিত শব গদ্ধে, পিশাচ মহানন্দে,
গাইছে প্রেমেরি জয়!
প্রেমেরি স্থধা স্বাদে, প্রেমেরি প্রসাদে,
হ'য়ে হর মৃত্যুঞ্জয়,
ত্লিয়া উর্দ্ধে হাত, গাহিছে বিশ্বনাথ,
"জয় প্রেমেরি জয়!"
নিঃসার্থ প্রেমে তার, কাম ছারথার,
হদয় বৈরাগ্যময়,
সেই নিকাম প্রেম ছবি, নির্ধি গায় কবি,

"জয় প্রেমেরি জয়।"

১৯শে জৈঠি—১২৯ সন, কলিকাতা।

हूँ शाना।

ছুঁ মোনা ছুঁ মোনা ভালবাসা হইবে মলিন ! লাগিলে গান্ন গান্ধ, সহজে ভেলে বাম, রাধহে ভালবাসা বাসনা হীন ! ছুঁ মোনা ভালবাসা হইবে মলিন ર

নিখাদে ধাৰে গ'লে, পাবে বিখালী হ'লে, আখাদে থাক চিরদিন! ছুঁয়োনা ভালবাসা হইবে মলিন!

থাকিলে দ্বে দ্বে,
গাবে ভ্বন যুড়ে,
দেখিবে সদা তাবে নিতি নবীন !
ছুঁলোনা ভালবাসা হইবে মলিন !

8

কি কাব দেখাদেখি, থাক একাএকী, করহে পরাণে পরাণে লীন ! ছুঁয়োনা ভালবাসা হইবে মলিন !

স্বচ্ছ সরল বুকে,
গোপনে রাধ স্থাধ,
সরসী রাথে ধথা হরবে মীন !
ছু রোনা ভালবাসা হইবে মলিন !

পর্শে হয় কালা,
দর্শে বাড়ে জালা,
মানসে ফোটে স্থ্যু প্রেম নলিন !
ছুঁলোনা ভালবাসা হইবে মলিন !

٩

কেন এ কাঁদা হাসা,
আকুল এ পিপাসা,
কলকে শনী কালা—কোলে হরিণ !
ছুঁলোনা ভালবাসা হইবে মলিন !

ы

কিছুই চেয়োনাকো,
কেবলি দিতে থাকো,
শোধিতে বাড়িবে সে মধুর প্রেম ঋণ!
ছুঁরোনা ভালবাসা হইবে মলিন!

>

ধরাতে দেবতা সে,
যে হেন ভালবাসে,
বিরহ হা হুতাশে মরেনা সে কোন দিন টু যোনা ভালবাসা হইবে মলিন ! ২লা আবণ—১২৯৪ সন, শীত্তপুর বাগানবাটা।

শ্মশানে-শিব।

বড ভালবাসি ভোমারে! প্রেমের প্রতিমা হেন দেখিনা কারে! कि जानि कि मत्न नग्न, পরাণ পাগল হয়, দেখিলে ও রূপ রাশি (ভাসি) নয়ন ধারে, তুমিহে পাগল ভোলা, দয়ার হুয়ার খোলা, জগতে জাননা পর কথনো কারে। নিষ্ঠুর মাত্র্য হায়, পোড়াইয়া ফেলে যায়, जुलिया तम मन्ना मात्रा यथन यात्त्र, হে দেব তথনি তুমি, যেয়ে সে শুশান ভূমি, আকুল অস্থির হও ভাবিয়া তারে ! হেরি 🚜 ছাই পাঁশে, নয়ন মুদিয়া আ'নে, দয়ার আঁথি কি তব দেখিতে পারে ? তাই হে কাতর প্রাণে, চেম্বে আছ শৃ্যুপানে, কে বোঝে ছাদয় তব শুধা'ব কারে। করুণা মমতা মাথা, ভালবাসা ভঙ্গে ঢাকা, মাথ সে বিভৃতি বুকে আদরে তারে! পরের জন্ম সন্যাসী, তুমি হে ঋশানবাসী, পর মহাশব্দ মালা (সে) মরার হাড়ে! • এমন হাদয় আর, আছে কোনু দেবভার, কে হেন পরের ছথে কাঁদিতে পারে ? স্থু শান্তি পায় ঠেলি, স্বর্গের সাম্রাজ্য ফেলি. উলঙ্গ সন্মাসী বেশে (কে) সংসার ছাড়ে ?

কার হেন দয়া বৃকে, কে হেন পরের তৃথে,
আকণ্ঠ গরল পান করিতে পারে ?
কাঙ্গালের এই ভিক্ষা, দেও দেব এই শিক্ষা,
ভবিব গরল সিন্ধু পর উপকারে !

বসন্ত-পূর্ণিমা।

٥

আছি ছি! শশধর, অত কেন হাসি ?

একটু থামনা ভাই, আর কি সমর নাই,
অর্গের দেবতা কিহে এতই বিলাসী ?

বসস্তের হাওয়া থাওয়া, নিশিতে বেড়া'তে যাওয়া,
তোমার এ বার্গিরি নাহি ভালবাসি!
অই দেথ কত তারা, বালিকা রূপসী যারা,
পলাইছে তব ডরে পাড়ার পরশী!
আকাশের কুদে মেয়ে, কি বলিবে ঘরে থেয়ে,
ভেসেছে আছাড় থেয়ে কাঁকের কলসী!
আ ছি ছি! শশধর, অত কেন হাসি ?

বোঝনা যে ভাই তুমি অই বড় ছথ, পথে ঘাটে একা পেয়ে, গৃহত্ত্বের বউ মেয়ে, কে থাকে অমন চেয়ে নিলাক্ত কামুক ? থে'লে কি লাজের মাথা, আ ছি, শোননা কথা, এখন রাখিয়া দাও তামাসা কৌতুক, বোঝনা যে শশধর অই বড় ছুথ !•

আ ছি ছি! শশধর অত কেন হাসি ? বছদিন হ'তে ভাই, ফিরিয়া ফিরিয়া যাই. বলিতে একটা কথা প্রতিদিন আসি! বলিতে পারিনা নিতি, এ তোমার কিয়ে রীতি, শোন না কাযের কথা ওধু হাসাহাসি ! না লও কিছুর তম্ব, সদা আছ উনমত্ত, মানব হইতে যেন ভোগ অভিলাষী ! আ'দে কি সতাই হায়, দকিণ মলয় বায়, তোমার গায়ের গন্ধ পরিমল রাশি ? মাথিয়াছ পমেটম্, লেভেণ্ডার ডি-কলন্, বাঙ্গালী বাবুর মত ভুমিও বিলাগী ? হেমময়ী তারাগুলি, রূপের বাজার খুলি, মিলেছে মেলায় ও কি পারিদে রূপদী? আকাশের আকবর, তুমি কিহে শশধর, আজি তব থোস্রোজ নিশি পৌর্ণমাসী? আ ছি ছি। শশধর অত কেন হাসি?

8

কি লাগিয়া অত হাসি হাস শশধর ? লাজ নাই লজ্জা নাই, ছি ছি লাজে মরে বাই, বড়ই নিলাজ ভাই তুমি স্বধাকর ! পৃহস্থ মেরের কাছে, অত কি হাসিতে আছে,
অর্গের দেবতা কিহে এতই বর্কার ?
শশাস্ক, তোমাকে নরে, বুথা নিন্দা নাহি করে,
চির কলন্ধীর বল কলন্ধে কি ডর ?

Œ

আ ছি ছি। অত হাসি কেন শশধর ? পাষাণ বাঁধিয়া বুকে, হাস তুমি কোন স্থে, মর্জ্যের মানব আমি চক্ষের উপর। হুংথ দরিদ্রতা ভরা, দেখ নাকি বস্থন্ধরা, নানা রোগে শোকে হেথা ক্লিষ্ট কলেবর ! কাঁদে কত পুত্রহীনা, ভগিনী সোদর বিনা, क्रिवानिशि विधवात्र नग्रत निर्वत । বিড়ম্বিত মোর মত. আছে হতভাগ্য কত, প্রাণ্ডরাধু ধু করে মরু ভয়কর ! হার হার কত পাপে, বর্ষে অশ্রু অত্তাপে, मा पा मा पा भारत भारत कर माती नह । ইহা কি দেখিয়া নিত্য, হয় না ব্যথিত চিত্ত, বসত্তের হাওয়া থেয়ে বেড়াও নাগর ? কঠিন শিলার সম, প্রাণ তব নিরমম, ধিক দেবতার নামে ওছে শশধর ! নিৰ্শ্বম মানব মত, দুক্পাত নাহি তত, ছয়ারে দরিজ মরে কুধার কাতর! धिक **जव मिवरना**ख श्राह भागभत !

বল শশি, বল শুনি হাস কোন্ প্রাণে ?
ম্বণা লজ্জা ঈর্ষা বেষ, পাতকের একশেষ,
চৌর্যা হক্ত্যা দহাবৃত্তি নিয়ত যেথানে,
ভগিনী ল্রাভার সনে, কথা কয় পাপ মনে,
প্রবঞ্চিত করে জায়া প্রেম প্রতিদানে,
নরের সে অধাগতি, নির্থিয়া নিশাপতি,
সত্যই কয়ণা কিহে হইল না প্রাণে ?
হলম বেঁধ্ছে হায় এমনি পাষাণে ?

9

কি ক'বে কঠিন এত হ'লে শশধর ?

আহা হা ভারত ভূমি, কি ক'বে দেখিয়া ভূমি,
বৈরব ধরিয়া আছ, কাঁদে না অন্তর ?
বে দেশের বস্থন্ধরা, গোলকুণ্ডা হীরা ভরা,
বহিছে কনক রেণু পর্বত নির্মর !
বে দেশে তোমার মত, ওঠে শশী শত শত,
ইন্দিরা অমৃত সহ মথিলে সাগর !
বে দেশে শ্মশান-ভত্মে, স্থন্মর সব্জ শভে,
হেমত্তে এখনো হাসে দিগন্ত প্রান্তর !
সেই দেশে হার হার, সন্তান চিবা'রে খার,
কুধার্ত্ত জননী নিত্য প্রিতে উদর !
বল শুনি কোন্ প্রাণে, চেরে দে মারের পানে,
কি করিয়া এত হাসি হাস শশবর,
নর হুংথে অমর কি হরনা কাতর ?

সতাই ভারত দেখে কাঁদে না কি প্রাণ ? অযোধ্যার রাজগৃহে, সতাই কথনো কিহে, এক বিন্দু অশ্রুজন করনি প্রদান ? কথনো কি কুরুক্তেরে, দেখনি সঞ্চল নেত্রে, আপনার বংশ ধ্বংস-সন্তান খাশান ? সত্যই দেখিয়া শশি কাঁদেনি কি প্রাণ ? যে দেশের বীর নারী, বর্ম চর্ম অসি ধরি, রণরক্ষে রণচঙী করেছে সংগ্রাম. ্ অস্ত্রের বিধির ডরে, সেই দেশে শোভা করে, তালপত্র তরবারী কালীর ক্নপাণ! যে জাতির পদভরে, বাহুকি কাঁপিত ডরে, পদ্যাপিও ভূমিকম্পে ধরা কম্পর্মান, ৢ তাহাদেরি আজ হায়, পদাঘাতে প্রাণ যায়, শুগাল শঙ্কায় কাঁপে সিংহের সন্তান ! কিসে ইহা দেখি শশি, হাসিতেছ অত হাসি, এতই কি অমরের হৃদয় পাধাণ. পতিত ভারত হঃথে নাহি কাঁদে প্রাণ ?

.

নাহি কাঁদে না কাঁছক—কিন্তু শশধর,
জিজাসি কথাটী সেই দাওনা উত্তর ?
উনেছি লোকের কাছে, ভোমার হে স্থা আছে,
স্থার সাকর নাকি তুমি স্থাকর ?

বে স্থধায় মরা বাঁচে, তাই কি তোমার আছে, জিজ্ঞাসি সরল মনে দাওনা উত্তর ? যে স্থধায় ওহে সোম, বাঁচিল গিরিশ রোম, সেই স্থাপ আছে নাকি ওহে শশধর, নীরবে রহিলে কেন—দাওনা উত্তর ?

>•

মিছা কথা—প্রবঞ্চনা !
কিছুতে বিখাস মম হয়না কথন,
তুমি স্থাকর সেই স্থা প্রস্রবণ !
তোমার (ও) কৌমুলী হাসি, সঞ্জীবনী স্থারাশি,
স্পর্শিলে শবের অঙ্গ লভে সে জীবন, ত্রাণ ভরা বে হুর্ভোগ, অধীনতা মহারোগ,
তব ও কির্ক স্পর্শে করে পলায়ন !

>>

শশধর !

যদি তাই সত্য হবে, তা' হ'লে কি আর,
সোণার ভারত এত হ'ত ছারধার ?
নিত্যুংহাস এত হাসি, ছড়াও কৌমুনী রাশি,
অমৃতে ছাইরা কেল কানন কাস্তার !
কোথা সে কোশল দেশ, ইক্সপ্রস্থ ভন্মশেষ,
জাগিল না এ জনমে জাঠ মারবার !
এই যে ভারত ভরা, শশধর ! এত মরা,
এত চিতা ভন্মরাশি এত পোড়া হাড়,

কে বাঁচিল—কই কই, বল গুনে স্থী হই, জাগিল কি ভীমু দ্রোণ কর্ণ পুনর্কার ? মৃত কি জাগিল কেহ অমৃতে তোমার ?

>2

আছিছি!
তবে কেন অত হাসি হাস শশধর ?
ভানহীন লজাহীন, মূর্থ তুমি চিরদিন,
অ্বধা নাই তবু ধর নাম স্বধাকর!
দেবতার ভোগ্য বাহা, চণ্ডালে দিয়াছ তাহা,
ভাবিতে পারিনা, চিত্ত কাঁপে থর থর!
এখন তোমারি বলে, তোমারে গ্রাসে কবলে,
প্রবঞ্চক ধূর্ত্ত রাছ কৃতম্ব পামর!
সৈ চণ্ডাল স্পর্লে হার, আরো দেথ শুক্রকার,
মেথেছ কলম্ব কালী কত শশধর,
ছি!ছি!ছি!তথাপি হাস নিলাজ অমর ?

30

যাও তুমি দুর হও,
ভারত আকাশে এসে উঠিওনা আর,
মিলে সব ভাই ভাই, সিদ্ধু বন্ধ এক ঠাই,
বদি শক্তি থাকে তবে ফিরে পুনর্বার,
উভোলিব নবশনী মথি পারাবার !
বে স্থধার বাঁচে মরা, সে বিধু সে স্থধা ভরা,
সৌভাগ্য পূর্ণিমা দিনে হাসিবে আবার,
বিনাশিব স্থপনে রাহু হুরাচার !

মৃত এ কোম্দী রাশি, এ ছইতে ভালবাসি,
অমা রজনীর সেই বোর অক্কার,
অধাশ্ত অধাকর হাসিও না আর !

১৮ই মাধ-১২১ সন,
মসমনসিংহ।

গোলাপের প্রতি।

>

প্রিয়া-কর পরিত্যক্ত হা রে ও গোলাপ,
সত্যই আমার মত তোর ও কিরে পাপ ?
তুইও কি আমার মত, বিপর হুর্ভাগা এত,
তোর ও কি কপালে আহা এত অভিশাপ ?
পরেনি চিকণ চুলে, পরে নাই কর্ণমূলে,
অনাদরে ত্যজিয়াছে চাফ চক্রচাপ !
মোহমর স্পর্শ তার, আমিও পা'বনা আর,
গ্রাণ তরা রহিয়াছে শত পরিতাপ !
গোলাপ ! আমার মত তোর ও কিরে পাপ ?

আররে গোলাপ তুই আর বুকে আর, প্রিরা-কর পরশিরা, আদিলি অমৃত নিরা, দেখিব অলম্ভ বদি হুদর স্কুড়ার ! আর তোরে বুকে ধরি, আররের চুম্বন করি, দেখি তোর মুখে কত মধু পাওরা বার ! পরাণ করিলি চ্রি, কি লাবণ্য কি মাধুরী, ও স্থগন্ধ দেহ-গন্ধ মাথা তোর গায়! আয়রে হৃদয়ে ধরি, আয়রে চ্ছন করি, সম্জ্ঞল তুই তার কপোল আভায়! আয়রে গোলাপ তুই আয় বুকে আয়!

তুই ফুল প্রেয়নীর প্রিয় আশীর্কাদ,
দিয়েছে হৃদয়রাণী, আশার আখান বাণী,
আকুল পরাণে ঢেলে অনস্ক আহলাদ!
মনে লয় দর্কদাই, বুকে রাখি, চুমা থাই,
সত্যই গোলাপ তাই এত করে সাধ!
বল্ কোথা মুক্তকেশে, প্রিয় সরস্বতী বেশে,
বিরাজে বিনোদী দেবী বল্ সে সখাদ
তুই ফুল প্রেয়নীর প্রিয় আশীর্কাদ!

১১ই ভাজ রাজি—১২৯৩ সুন, জন্মদেবপুর ।

মনের কথা।

প্রাণমন্ত্রি প্রিন্ন দেবি কত দ্বিন হান,
ভাবিরাছি এক দিন বলিব ভোমার !
কিন্তু প্রিয়ে কত দিন, বংসরে হইল লীন,
বিল্যু বলিব করি গেল সমুদার !

শত বদ্ধে নিরবধি, শত অবেষণে যদি,
মাহেন্দ্র মুহূর্ত সেই নাহি পাঙ্কা যার,
যদি দৈব ছর্বিপাকে, সে মুহূর্ত নাহি থাকে,
এ দক্ষ জীবনে দেবি হার! হার! হার!
বলনা কেমনে তবে বলিব তোমার ?

₹

বল তবে, বল দেবি বলিব কেমনে,
এত যদি থাকে বাদ বিধাতার মনে ?
রহিল জন্মের মত, সে আশা বাসনা যত,
ডুবিয়া পাষাণ বুকে অস্থি আচ্ছাদনে,
অবনীর গর্ভগত, অনল দিছুর মত,
প্রলয়ের মহাবহিং রহিল গোপনে,
ভালিতে চুরিতে বুক ঘোর ভ্কম্পনে!

9

রহিল জ্বের মত—মিলিলনা আর,
সে পুণ্য অমৃত্বোগ জীবনে আমার!
কত যে ধরিয়া পায়, কাঁদিয়াছি হায় হায়,
সরলা! আছে কি আজি মরণে তোমার ?
ভীমত ক্রিণ্ডের মত, আকুল আগ্রহে কত,
টানিয়া আনিয়া বুকে করি হাহাকার—
মনে আছে

**—
স্বিয়াছি চরণ তোমার!

8

সত্য বটে এ জীবনে সে মুছুর্ত হায়, পেরেছিল্ল বছদিন তৌমার দয়ায়! কিন্ত কি বলিব ছথে, তোমাত্তে লইলে বুকে,
শীতের স্থলীর্থ নিশি তিলেকে পোহার !
চুম্বিতে ও বিশ্বাধরে, রবি উঠে রাগ ভরে,
হেরিতে বদন-শশী শশী অন্ত যার !
সতাই তোমার কাছে, সমরের পাথা আছে,
বল না কেমনে প্রিয়ে বলিব তোমার ?
বলি বলি করি নিশি ভোর হ'রে যার !

æ

বসনা ক্ষেমনে দেবি ! বলিব ভোষার ?

কি জানি ভোষাতে আছে, গেলেই ভোমার কাছে,
নরন নিমেব ভোলে, বচন জিহ্মার !

তোমারে লইলে কোলে, হৃদর আপনা ভোলে,
কেমন মধুর এক মদের নেশার !
বল না কেমনে দেবি বলিব ভোমার ?

पाव-

এই যে পৰ্বান্ত তলে এই গারো দেশে,
নিৰ্বাদিত বিড়ম্বিত বিধির আদেশে!
আদিরাছি দেশ ছাড়ি, তথাপি জিটিতে নারি,
সেই মোহ—সেই মৃদ্ধা স্থপন আবেশে!
তেমতি অবাঙ্মুখে, চেরে থাকি শশিষ্থে,
কিন্তু গো জাগিরা দেখি দেই নিশি শেষে,

তুমি স্বর্গে—দেবপুরে, আমি মর্গ্রের বছ দূরে, নির্ম্বাদিত বিড়ম্বিত বিধির আদেশে, রয়েছি পর্ম্বত তলে—এই গারে। দেশে!

9

प्ति !

কোথা পা'ব তব সম স্থন্থং হজন,
প্রাণের অধিক প্রিয়, ছদরের পূজনীয়,
প্রেমের প্রতিমা হেন প্রিয় দরশন,
ভূতলে স্থর্গের ছায়া, মূর্রিমতী দয়ামায়া,
মলিন পরের ছথে নলিন নয়ন!
সরল সভ্যের চেয়ে, স্বভাবে বালিকা মেয়ে,
বিনোদ ক্লন-বিধু ভূলায় ভূবন!
পুণাময়ী সাধুশীলা, লাবণাের নবলীলা,
এ জনমে মিলিবে না তোমার মতন!
রহিল মনের কথা মনেই গোপন!

ь

प्ति !

এ জীবনে এ স্বপ্ন কি ভালিবেনা আর ?
গিরাছে প্রাণের আশা—গিরেছে সকলি, °
ভালবাসা আর নাই, পুড়িরে হরেছে ছাই,
হরেছে নন্দনবন মহা মরুস্থলী!
সে ভস্ম মাথিয়া গায়, আসিয়াছি হায় হায়,
উদাসী সয়্যাসী বেশে আসিয়াছি চলি!

তবু দেখি বুকে আঁকা, তবু দেখি প্রাণে মাধা, জাগ্রতে নিজায় দেখি সেই গলাগলি, সেই মোহ—বৈদই স্বপ্ন—বেন "বলি বলি!"

দেবি!

দেবের হৃদয়ে কিগো বোঝ এ সকলি, বোঝ এই মোহ-মৃচ্ছ্ 1 কি যে "বলি বলি ?" প্রাণের আগ্নেয় আশা, নীরব আগ্নেয় ভাষা, অদেখা আগুনে কেন চিরদিন জলি, বোঝ কি এ অগ্নিকাণ্ড—বোঝ কি সকলি ?

>•

प्ति !

দেখিয়াছ সন্ধ্যাকালে, গগনের নীৰ ভালে, উজলি উঠিলে ক্লপে নব তারাবলী, আহা সে তারার পানে, কেমন আকুল প্রাণে, নীরবে শশান্ধ চেয়ে থাকেগো কেবলি! বলিতে পারেনা নিত্য, বিষাদে বিষণ্ণ চিত্ত, পড়েছ বিধুর বুকে কলক্ষের কালী, অকার অক্ষরে লেখা কি যে "বলি বলি"?

33

দেবি।

দেখিয়াছ উপবনে প্রাণ দিতে বলি ? দেখেছ কুলের কোলে, বদিয়া আপনা ভোলে, মন্দের কথাটা আহা ভূলে যায় অলি ! কোথা গুঞ্জরণ তার, কোঁথা গুণ গুণ আর, "আগুন'' "আগুন" বলি শেষে যার চলি ! সরলা, গুনেছ কাণে, সে করুণ কীণ তানে, অনস্ত শোকের সিল্প উঠে যে উছলি, দিগন্ত ভাসা'দে যার ঘন "বলি বলি"? ?

>2

দেবি!

দেখিয়াছ দগ্ধ-বক্ষ জলদ আবলী ?
হারা'দে বিজলী হার, কি গম্ভীর হাহাকার,
কি গম্ভীর বজুনাদ ধরা টলমলি,
শুনেছ সে বজুভাষা, দেখেছ আগেয় আশা,
অনস্ত আকাশে আহা উঠিয়াছে জলি ?
শুনেছ দে বজুনাদ "বলি বলি বলি"?

১৩

যদি-

ভনেছ দেবের কাণে, ব্ঝেছ দেবের প্রাণে, দেবতার আথি দিয়ে দেখেছ সকলি, তবে কেন চিত্ত হায়, মোহ যায়, মুর্ছা যায়, জাগ্রতে নিদ্রায় দেখি সেই গলাগলি, কেন গো আকুল চিত্ত "বলি বলি বলি" ?

২ · শে মাঘ, রাত্রি—১২৯৩ সন, শীতলপুর বাগান বাটী।

জ্যোৎস্নাময়ী।

[গ্রীযুক্ত দেবেন্দ্রকিশোর 'আচার্য্য চৌধুরীর ক**স্থা** !]

>

জোৎস্বাময়ি!

স্বর্গের জোৎসা তুই, কিন্তু কোন্ পাপে,
ভারতে রমণী জন্ম, করিলি গ্রহণ ?
আকাশের তারকাটী, কেন রে ছুইলি মাটী,
নিবিতে পবিত্র জ্যোতি বাকি কতক্ষণ ?
ও বালিকা, ও সরলা, লাগিলে মাটীর মলা,
দেবের (ও) স্থদয়ে বদে কলঙ্ক ভীষণ !
ও জ্যোতিতে ও কিরণে, স্থগীর হাদয় মনে,
পবিত্র মাধুরীমন্ন সরল অমন,
ত্বণা লজ্জা হিংসা হেষে, ছিন্ন ভিন্ন হবে শেষে,
বসিবে বাসনা দাগ—পাপ প্রলোভন,
স্বর্গের জোৎসা হ'বি মলিন এমন !

₹

এমন জ্যোদ্না রাশি এমন সরল,
এত স্বচ্ছ পরিকার, কোণাও দেখিনা আর,
এমন দর্পণ সম শুল্ল নিরমল!
হৃদরের গুপ্ত ঠাই, আপন হৃদর নাই,
পর প্রতিবিদ্ধে উহা সতত উজ্জ্ল!
এমন আপনা ভোলা, এমন অস্তর খোলা,
নন্ননে মৃক্ন বন হাসি অবিরল!

দেখিনে কোণাও আর, এঁত স্বচ্ছ পরিকার,
এমন দর্পণ সম কদর নির্মাণ !
এত কাছে কাছে থাকি, এত কোঁলে কাঁকে রাখি,
তথাপি ভরেনা প্রাণ সতত পাগল !
বেন মাথনের দলা, মধুভরা গলা গলা,
ছুঁইতে উমুয়ে আহা উঠে পরিমণ !

কোন্ চক্রমার তুই জোদ্না এমন ?

যে করে অবনী আলো, দে ত রে কলকে কালো,
দে ত অতি অপবিত্র রাহর বমন !
কোণা তার এ স্থাদি, স্বর্গীর এ ভাব রাশি,
তাহার লাবণ্যে এত নাহি ভোলে মন !
অবনীর কুক্লয়, শিশিরে মলিন হয়,
শারদ স্থমা আর থাকেনা তথন !
কিসে হবে প্রজাত, প্রজেতে মধু এত,
সামান্ত পতর ও'তে করে গুল্লরণ !
কোন্ ত্রিদিবের শশী, হইতে পড়িলি খনি,
স্কলর সরল স্লিগ্ধ জ্যোদ্না এমন !
কোণীরে মানস্সরে, দে কমল শোভা করে,
যাহার স্থমা ভূই স্থরতি কাঞ্চন!

জ্যোস্নামরি ! অর্গের জোল্না ডুই, কিন্তু কোন্ পাপে, ভারতে রমণী জন্ম করিলি এহণ •

প্রেম ও ফুল।

প্রবেষা অত্যাচারে, এদেশে রমণী মারে,
এদেশে কঠিন বড় পুরুদ্ধের মন!
এদেশের বাপ ভাই, দলা নাই, মালা নাই,
অকরণ ব্যাধ বধে কুরঙ্গী বেমন!
গঙ্গা যমুনার মত, রমণী জীবন কত,
হুংথের সাগরে সদা করে আলিঙ্গন!
পাষাণের বাপ ভাই, দেখিলা না দেখে তাই,
অচল অটল রহে হিমাজি যেমন!
আহা হা স্বর্গের মেয়ে, তোর পানে চেয়ে প্রেতিদিন ভাবি তোর কপাল কেমন!

মল্লাব্লিকে:

মল্লাব্লিকে:

মল্লাব্লিকে:

স্বর্গার্ল—১২৯১ সন,
মল্লাব্লিকে:

সেই এক দিন স্বার এই এক দিন।

(1

٥

থাকে থাকে মেব গুলি, স্থনীল লহরী তুলি
নীলাকালে ধীরে ধীরে ছুটিয়া বেড়ায়,
স্থানল সমীর বলে, ছুটিতেছে দলে দলে,
নীল জলে নীল চেউ সাগরের গায়!
অথবা ত্রিদিব বালা, প্রকৃতি করিছে থেলা,
সাজা'য়ে গগন নব নীল প্তাকায়!
অন্ত বায় দিবাকর, ছড়া'রে স্থব্ধ কর,
ঘর বাড়ী গিরিবন তক্ষ লতিকায়!

কাঁপা'য়ে কামিনীফুল, কীপায়ে স্থামার চুল কাঁপায়ে দাড়িম্ব শির কুটীর কোণায়, বহিছে শীতল বায়ু বসস্ক-সন্ধ্যায়[®]!

₹

বহিছে শীতল বায়,—পরাণ পাতিয়া, জানি না, কেমন ঘুমস্ত ভাবে আছি দাঁড়াইয়া!

त्मरे ठून, तमरे कून, तम मांजिय भित्र,

দেই

খ্রাম-অঙ্গে বিলসিত কম্পিত সমীর!
সে কম্পন প্রতিঘাতে, প্রাণে সেই পূষ্প পাতে,
সে স্থর স্থর্থি স্থগু হৃদম ক্ষির!
সেই মোহে মুদ্ধপিন্ন, সেই প্রাণ অবসন্ন,
সন্মুথে কৌমুদী কান্তি খ্রাম-সোহাগীর!
সেই

মৃহ হাসি অফ্রন্ত, অর্জমৃক্ত কুন্দনত্ত,
নবীন কুমুদমূর্ত্তি মাথা কৌমুদীর !
নব নীল উত্তপল, করিতেছে টলমল,
সলীজ শারদ শোভা সরল আথির,
গ্রামল সক্যায় সেই বাসন্তী নিশির!

9

আর আজি— এই যে পর্বতপাদধৌত সোমেশ্বরী, বহিতেছে মৃহ মন্দ কল কল করি! বসিয়ে ইহার তীরে, ভাসিতেছি অঞ্নীরে সেই সন্ধা এই, সেই আসন্ন শৰ্কারী, সরল শশাস্ক সেই শিশু কোলে করি ! এত কণ্টে এত ক্লেশে, এ অসভ্য গায়ো দেশে, দুর দেশান্তরে হায় রহিয়াছি পড়ি, বুঝিনা কথাটী কারো, আরণ্য অসভ্য গারো, কথার কাঙ্গাল হায় কথা বিনে মরি! রোগে শোকে যন্ত্রণায়, কেহ না ফিরিয়ে চায়. ভাবিলে পরাণ কাঁপে আতক্তে শিহরি! কই সে খ্রামল সন্ধা বাসন্তী শর্করী ? সেই আমি আছি, সন্ধ্যা তেমনিই আছে. তেমনি কৌমুদীময়ী নিশি অমলিন, তেমনি শশান্ধ হাদে, তারা বেড়া নীলাকাশে, (कोभूमी উছ'ल পড़ে नमीत श्रुनिन, তবু নাই সে মাধুরী, চথে দেখা প্রাণ চুরি, নয়নে বাথিয়া সেই নয়ন নলিন ! সেই এক দিন আর এই এক দিন

۰

গেই একদিন, সেই মাহেক্স সময়, হুদয়ের সেই শঙ্কা লোক লাজ ভয় ! সেই কি আনন্দ কি বে ত্বখ, শঙ্কিত কম্পিত বুক, চুদ্দিতে চরণে কি বে বাধে মনে লয় ! আগে শকা, ভর পাছে, এতে যেকি স্থুণ আছে, ছিঁড়ে দেই হুৎপিও দেখ সমূদর!
দেখ একবার রাখি, শক্তিত চঞ্চী আখি,
সে নয়নে সে আননে, করিবে প্রতায়,
হৃদয়ের সে আকাজ্জা, সেই ভর সেই শক্ষা,
দেখ সে স্থের কিনা সক্ষট উভর!

আর সমূথে,
স্বর্গের জ্যোৎমা রাশি,
মাহেন্দ্র মৃহুর্ত্তে সেই হাসিছে কুটীরে,
পবিত্র করিয়ে এই পাপ পৃথিবীরে,
ওরি ও পবিত্র হাসি, দেবতার পুণ্য রাশি,
ওই পুণ্যে এই পাপ ঘনান্ধ তিমিরে,
এত অশার্কির ধরা, জালা যন্ত্রণায় ভরা,
ইহাতেও ফোটে ফুল নিশির শিশিরে !
ওই পুণ্য, ওরি কেহে, স্থবাস কুম্ম দেহে,
হাসায় উহারি প্রীতি কৌমুলী শশীরে,
পবিত্র করিয়ে এই পাপ পৃথিবীরে !

কি স্থলর অভিমানে,
আধ কাঁদা আধ হাদা, আধ আধ আধ ভাষা,
থেলিছে চপলা যেন জলদ গঞ্জীরে !

অথবা,

গভীর সাগর বুক, নাহি নড়ে একটুক, চক্তকর হাদে সেই স্থির নীল নীরে।

OC

আর আজি,

এই সেই শীতকাল, কে জানে কোথার,
ভগ্নআশা ভগ্নপ্রাণে, চলিয়াছি কোন্ গানে,
কে জানে লিথেছে ভাগ্যে কিবা বিধাতার!
আমিই জানিনা আমি চলেছি কোথার!
এই সেই শীতকাল পড়িছে তুহিন,
অন্তাচলে যার রবি, সেই রাগ রক্ত ছবি,
সোণার কিরণ হয় আকাশে বিলীন!
ঘুরি এ প্রবাসী বেশে, বৎসরেক দেশে দেশে,
দেখিনা সে মানমন্নী সোণার নলিন!
আধ হাসা আধ কাঁদা, মন খোলা মুধ বাঁধা,
কাঁদিতে হাসিয়াছিল ভুলিয়া সে দিন!
সেই এক দিন আর এই এক দিন!
১২৮৭ সন—ছুর্গাপুর—হসঙ্গ,
ম্যুমন্সিক্তঃ।

পরশুরামের শোণিত তর্পণ।

•

সাগরের যেন নীল জল রাশি, বিভেদ করিয়ে উঠিছে প্রকাশি, কমলার চাঙ্গ স্থবিমল হাসি, তেমনি উঠিছে উষা, প্রভাতী মদল পাধীরা গাইল, প্রকৃতি বিবিধ কুলুমে পূজিল, ভক্কণ অকণ পরাইয়া দিল, কিরণ কিরীট ভূষা!

₹

নিবিল তারকা রূপের প্রভার,
হীরকের ফুল গগনের গার,
মুকুল মঞ্জরী তরুর শাথার,
হাসিছে কুসুম সনে,
ভাই বোন্ বেন গলাপলি করি,
নববধু উবা রূপের মাধুরী,
দেখিছে নবীন পল্লব উপরি,
বসিয়া সরল মনে!

4

আকাশের গায় জলদের দল,
সহল্র সহল্র সোণার অচল,
'ভ্ষণে সাজিরে হইরে উজ্জল,
হিমালর পুরে যার,
যেন গিরিজার হইবে বিবাহ,
আজি সেই শুভ পবিত্র পুণ্যাহ,
আনন্দে ছুটিছে জলদ প্রবাহ,
পুলকে পাগল প্রায়।

কিষা চির্শক্ত বাসবের সনে,
বুঝিবারে বেন সমর প্রাঙ্গনে,
ছুটিছে ভ্ধর শত প্রসরণে,—
প্রমন্ত চঞ্চল গতি,
কোধে রক্তাকার দেহের বরণ,
গরবে ধরণী ছোঁঘনা চরণ,
প্রাণে উত্তেজনা—বৈরনির্যাতন,
বধিতে অমরাপতি !

ফুটিছে সরসে কমলের দল,
ছুটিছে পুলকে ভ্রমর সকল,
লুঠিছে সমীর নব পরিমল,
আবেশে অবশ কার,
আলসে কমল কুমুদ ছাড়িয়া,
বেলী যুই কামিনীর কাছে গিয়া,
পড়িতেছে যেন ঢলিয়া ঢলিয়া,
ইহার উহার গার!

অদ্রে হিমাজি ভারত প্রাচীর, অনস্ত আয়ত মূরতি গন্তীর, চেয়ে আছে যেন তুলি উর্চ্চে শির, সভয়ে ভূধররাক্ত ! পারেনা চাহিতে নিম ধরাতলে. পঞ্চ রক্ত হ্রদ গর্জিছা উছলে, সফেণ তরঙ্গ ছুটে মহাবলে, ভীষণ ব্যাপার আজ!

প্রচণ্ড জলন্ত ছাদশ মিহির. মহা জ্যোতির্মন্ন বিরাট শরীর. অঞ্জলি পুরিয়ে লইয়ে রুধির, দাঁডা'য়ে হদের তীরে. বুদাসুঠ মূলে গুত উপবীত. ডাকিছে গম্ভীরে—পৃথিবী স্বস্থিত, শত মেখমন্ত্রে নভ বিকম্পিত. সমীর বহিছে ধীরে !

বাম কক্ষতলে মহা তীক্ষ ধার. জিনি অষ্ট ৰজ্ঞ ভীষণ কুঠার. সদ্যোষ্ণ শোণিত অঙ্গে মাথা তার, विन्तृ विन्तृ विन्तृ अदत्र,

এ ব্ৰাহ্ম মুহূর্তে অনম্ভ বিমানে, উত্তরাভিমুখে চাহি উদ্ধ পানে, বেদমন্ত্রে পিতৃ পুরুষে আহ্বানে,

ভীষণ ভৈরব স্বরে !

່ລ

কলবে কলবে হয় প্রতিধ্বনি,
আতত্ত্ব হিমাদ্রি কাঁপিছে অমনি,
তত্ত্বে পশুকুল পরমাদ পণি,
পশিছে বিজন বনে,
মন্ত ঐরাবত উর্জ শুশু করি,
চমকি আতত্ত্বে যুগেক্র কেশরী,
শার্দ্দ্রল ভল্লক বানর বানরী,
দৌডিছে একই সনে!

.

কাঁপে তরু লতা পল্লব মুকুল,
নীহার নিষিক্ত কাঁপে ফল ফুল,
নীরবে শাখায় কাঁপে পাথীকুল,
আপনা পাসরি সবে.

গ্রহ নক্ষত্রাদি সহিত অম্বর, কাঁপিতেছে ঘন করি থর থর, তরঙ্গে তরজে ভান্সিছে সাগর, সে মহা ভীষণ রবে !

22

"হে ঋচীক আদি পিতৃ দেবগণ!
নিঃক্ষত্রিয় করি একবিংশবার,
সমস্ত ভারত—সমস্ত সংসার,
প্রতপ্ত উজ্জ্বল শোশিত ভাহার
নরেছি অঞ্কলি ভরি,

আমি যামদগ্য ক্ষত্রিয়-অস্তক,
স্বজিয়াছি এই সমৃত্তপঞ্চক,
ক্ষত্রিয় শোণিতে—রক্ত গঙ্গোদক !—

" এসত্বে তর্পণ করি !"

25

"এসে পিতৃদেব দেখ একবার,
আমি ভৃগুরাম সস্তান তোমার,
তব শক্রকুল করেছি সংহার,
নাহি আর একজন,
দেখিয়ে করহ নয়ন সার্থক,
শক্ররকপূর্ণ সমস্তপঞ্চক,
আমি পুত্র তব শক্রসংহারক,

তুষিব তোমার মন !"

20

"হে পিডঃ! তোমার ত্যিবারে মন,
মাতৃহত্যা পাপ করেছি ভীষণ,
বিধিয়াছি চারি লাতার জীবন,
ভীষণ কুঠার ধরি,
সে বক্ত কুঠারে দেখ আরবার,
তব শক্তকুল করিয়ে সংহার,
সেই অমুগত সন্ধান তোমার,
শোণিত তর্পণ করি !"
•

28

শীত গ্রীয় বর্ধা চিলনাকো জ্ঞান,
ছর ঋতু ছিল একই সমান,
গভীর নিশীথ কিবা দিনমান,
হিম রৌজ বৃষ্টিধার,
স্থথ হঃথ কিছু ভাবি নাই মনে,
একটু মমতা ছিলনা জীবনে,
বিধিয়াছি শক্র যুঝি প্রাণপণে,
একেধর অনিবার!'

20

"এই দেথ বক্ষে কত শরাঘাত, শতছিল দেহ দেথহ সাক্ষাৎ, অজস্র ধারায় হয় রক্তপাত, তবু নাহি অবসাদ!

অগ্নিমর গোলা আগেয়াত্র কত, এই বক্ষ লক্ষ্যে বর্ষিত নিরত, তথাপি উদ্যম হর নাই নত,

হইনি পশ্চাৎপাদ !"

"বিজন গহনে, ভীষণ প্রান্তরে, উপত্যকা দেশে, পর্বাত শিখরে, কত জনপদে, নগরে নগরে, নদী সরোবর ধারে, করিয়ে সহায় একই কুঠার,
অগণ্য—অসংখ্য এক একবার,
তব শত্রুকুল করেছি সংহার,

যেখানে পেয়েছি যারে !''

29

"নিংক্ষপ্রিয় করি একবিংশ বার, সমস্ত ভারত—সমস্ত সংসার, প্রতপ্ত উজ্জল শোণিত তাহার, লম্মেছি অঞ্জলি ভরি, ওহে পিতৃদেব তব আশীর্কাদে, পূর্ণ মনকাম হ'ম্মেছি অবাধে, দেখ এসে পিতঃ কত যে আহ্লাদে, শোণিত তর্পণ করি !"

ント

"হৃদযের কক্ষে, শিরার শিরার,
অস্থি মজ্জাগত স্ক্ষ কৈশিকার,
মায়ু কেন্দ্রে কেন্দ্রে শাথা প্রশাথার,
ছুটিছে বৈছ্যত বল,
এই দণ্ডে গিরে বাসনা আবার,
তব শক্রকুল করিব সংহার,
শক্রশুন্ত ধরা,—কি করিব আর ?
হ'লনা আশার ফল!"

່ວລ

"কিন্ত যদি থাকে একজন আর, চৌদ লোকপাল রক্ষা করে তার জীবন, তথাপি করিব সংহার,

ঞ্ব এ অব্যর্থ পণ ! হইব না ভীত বিষ্ণু স্থদর্শনে, কিংবা বাসবের বন্ধ দর্শনে.

বরুণের পাশ সহস্র ক্ষেপণে,

করিব ভূম্ল রণ !''

"নিংক্জির করি একবিংশ বার, সমস্ত ভারত—সমস্ত সংসার, প্রতথ্য উজ্জ্বল শোণিত তাহার,

লরেছি অঞ্জলি ভরি,
ওছে পিতৃদেব তব আশীর্কাদে,
পূর্ণমনস্বাম হ'রেছি অবাধে,
দেথ এসে পিতঃ কত যে আহলাদে
শোণিত তর্পণ করি!''

₹>

এই মহাশন্ধ,
ভূধরে কলরে হরে প্রতিধ্বনি,
অনস্ত অধর বিদারি অমনি,
কাঁপা'রে নক্ষত্র শুক্ত সোম শনি,
পৌছিল স্বর্গের হারে,

সপ্ত স্থারলাক তোরণ-অর্গল, এক এক করি থসিল সকল, দেখে পিতৃগণ আনন্দৈ বিহুষ্টল, ভাসিল প্রেমাক্র ধারে ?

૨૨

ছুটিল বিমানে পিতৃদেবগণ,
ফুটিল অম্বরে অমর কিরণ,
বাজিল স্বর্গীয় মধুর নিক্কণ,
বর্ধে পারিজাত ফুল,
ভয়ে জড়সড় পৃথিবী আবার,
অভয় পাইয়া স্থর করুণার,
মৃতদ্বে প্রাণ পাইল তাহার,
নাচিল মরম মল।

२७

তেমনি কুশুম পরবে শোভিল,
পাপিরা কোকিল স্থা চেলে দিল,
নিক্ষ পবন নিখাদ ছাড়িল,
ভাঙ্গিল মোহের খুম,
ত্রমিতে লাগিল স্তন্ধ ভূমওল,
গতিক্ষ সৌর নক্ষত্ম মণ্ডল,
মহা জ্যোতির্শ্বর নব গ্রহ দল,
গেল দে প্রশার ধুম।

28

নক্ষত্রে নক্ষত্রে স্থাপিয়ে চরণ, নামিতে লাগিলা পিতৃদেবগণ, অনস্ত উজ্জ্ব প্রসন্ন বদন,

আনন্দে কাঁপিছে বুক, দেথি প্রতিমূর্ত্তি প্রতিবিধিৎসার বীর যামদধ্য—বীরত্ব আধার, কহিতে লাগিলা "সস্তান আমার !''

চাহিয়ে ভার্গব মুথ !

₹ ₡

কহিতে লাগিলা "সন্তান আমার! অনস্ত ক্ষত্রিয় করিয়ে সংহার, দিয়ে প্রতিশোধ পিতৃ শক্রতার, শোণিত তর্পণ করি.—

বলিতে হৃদয়ে কত যে আহলাদ, লভিয়াছ বৎস দেবের প্রসাদ, আমরাও এই করি আশীর্কাদ, তোমার বীরতা করি।'

20

"যে কোন জাতির পরাধীনতার জদরে অনস্ত প্রেত অত্যাচার, হইলে দর্শন মহাতীর্থ তার সমস্তপঞ্চক হ্রদ, দপ্তম বর্গের উপরি মংস্থিত, গন্ধর্ম চারণ স্থর নিষেবিত, সেই পুণ্যস্থান লভিবে নিশ্চিত, স্বাধীনতা মুক্তিপদ!"

२१

"কিষা তব কীর্ভি নগরে নগরে, যে দেশে গাহিবে প্রতি ঘরে ঘরে, দিনাস্তে মাসাস্তে অথবা বৎসরে, এক মনে একবার, গুব সত্য এই দেবের প্রসাদ, গুব পিতৃগণ করি আশীর্কাদ, গুব সত্য নিত্য অনস্ত আহ্লাদ, সে সুর্গ নিবাদ তার।"

পত্ৰ ৷

>

লেই ভাসাইয়া আজি ব্রহ্মপুত্র জলে,
প্রীতির পবিত্র চিহু অনস্ত অতলে !
দেই ব্রহ্মপুত্রে ফেলি, সে চিহু চরণে ঠেলি,
প্রাণের অধিক যাবে রেখেছি বিরলে,
অতি যত্নে সাবধানে, অতি গোপনীর স্থানে,
এত দিন এত কটে এ দ্র অঞ্চলে!.

নিশীথে নির্জ্জনে থাকি, কত বার বুকে রাখি,
চুষিয়াছি কতবার ভাসি অঞ্জলে !
সেই পত্র গ্রীতিমাধা, সেই পত্র প্রাণরাথা,
সেই পত্র বক্সবহ্রি মাধা হলাহলে,
দেই ভাসাইরে আজি বক্ষপুত্র জলে !

2

দেই ভাসাইরে পত্র অম্লান অস্তরে,
জীবনের কণ্ঠমণি—এত দিন পরে !
স্থতির অনস্ত হুথ, বিস্থৃতির শত স্থুথ,
প্রাণের কবন্ধ পূর্ণ প্রীতির অক্ষরে !
এই পত্র অগ্নিময়, শোণিত শুষিয়া লয়,
অনস্ত অক্লুয় বলে—দূর দেশাস্তরে !
অসহু বেদনা এর, যা স'য়েছি এই চের,
জীবস্ত শোণিত-তৃষ্ণা অক্ষরে অক্ষরে !
দেই ভাসাইয়ে আজি এত দিন পরে !

9

শতছিয় করি উহা—
এই দণ্ডে—এ মৃহুর্কে দেই ভাসাইয়া,
ভূবুক্ নিবুক্ জলে, নিবিলনা অঞ্জলে,
গেলনা আগ্রেম মন্ত্র একটু মৃছিয়া!
কালীমাথা সেই দাগ, বজ্ব বিহ্ন সার ভাগ,
বিধিতেছে মর্ম্মে মর্মে প্রাণ পোড়াইয়া,
অনস্ত অতল জলে দেই ভাসাইয়া!

বেণে ব্রহ্মপুত্র চলি, তর্ত্ত্ব তরক্তে দলি, রাথুক্ কর্দমতলে ক্রত ভুবাইরা ! পড়ুক তাহার পর, বালুকার শত তর, হৃদয়ের উদ্ধাপিও যাউক নিবিয়া! অণবা—

বহিষে তরক্ষ শিরে, ফেলুক নীরধি নীরে,
প্রাণের এ চিতা-চিক্ল দূরে সরাইয়া,
ভন্মশেষ হৃদয়ের, শেষবহ্দি শ্মশানের,
জলুক্ বাড়বানল দলিল ছাইয়া!
লহ, ত্রহ্মপুত্র লহ, অর্দ্ধদ্ধ প্রাণ সহ,
অশ্রুজনে চিতা-ভন্ম দেই ধোরাইয়া,
অতল জলধি জলে নেও ভাসাইয়া!

8

ত্রদ্ধপুত্র তব তীরে সহস্র শ্রশান,
প্রতিদিন জ্বলিতেছে, প্রতিদিন নিবিতেছে,
প্রতিদিন মিশে জলে ভক্ষ অবসান!
সে শ্রশান-ভক্ষগত, হুৎপিগু শত শত,
মিশিছে তোমার জলে নদ পুণ্যবান!
বল আজি বল দেখি, হেন ভক্ম মিশেছে কি,
এমন শ্রশান-বহ্লি—চির জনির্বাণ?
দেখাও যন্ত্রণা-সার, একটা ক্লুলিক তার,
বাছিয়া বালুকা রাশি পর্বতে প্রমাণ!
দেখাও এমন বহ্লি—চির জনির্বাণ!

কথনো এমন ছাই, তব জলে মিশে নাই, কত বৰ্ধ—কৃত যুগ আজি অবসান, জলেনি তোমার তীরে এমন ঋশান!

¢

অসাধ্য, আথের মন্ত্র পারিনা সাধিতে,
উদ্দেশে শোণিত উষ্ণ বুক চিরে দিতে!
এত দূর দেশে থাকি, এ অনল বুকে রাখি,
করিবনা অগ্নিহোত্র প্রাণের বেদীতে!
যা চাওরা তা পাওরা নাই, পরিণাম ভক্ম ছাই,
কে করে হল্মেদ যজ্ঞ প্রাণ পোড়াইকে?
নহে ইহা অন্ত স্থানে, নিত্য জলে প্রাণে প্রাণে,
নহে ইহা রক্তমাংদে অস্থিতে অস্থিতে!
অসাধ্য—আথের মন্ত্র পারিনা সাধিতে!

S

করিনি এমন আশা মুহুর্ত্তের তরে,
চাহি নাই উদ্ধনেতে উচ্চ নীলাম্বর !
হদরের কুদ্র কক্ষ করিয়ে উজ্জ্বল,
হাসিত একটা কুদ্র থল্যোত কেবল !
ক্ষণে আলো অন্ধকারে, হাসা'ত কাঁদা'ত মোরে,
তব্ও ঢালিত প্রাণে কিরণ শীতল !
দে হাসিতে সে কারাতে, কত স্থথ মাথা তা'তে,
পূণ্যের পবিত্র সেই স্থপন সরল !
করি নাই উপাসনা, করে নাই বিভ্র্মনা,
অ্তি প্রছ ক্ষণার নির্ম্বর নির্ম্বল !

অতি নিধ জ্যোতি মাথা, বিভারি ছ'থানি পাথা, উড়িয়া পড়িত বুকে এত সে চপ্লু! এত দিত ভালবাসা, করেনি কিছুর (ই) আশা, আপনি বাসিয়া ভাল আপনি পাগল, হৃদ্যের কুদ্র কক্ষে থদ্যোত সরল!

"প্রাণনাথ!

ব্ৰিষা বোঝনা"—বেন কত নিরাশায়,
কত যেন আশা ভঙ্গে, কত যে অবশ অঞ্চে,
কত যে স্থলীর্ঘ খাস ফেলি পুনরায়,
কহিল কম্পিত কঠে—"ব্ৰিলেনা হায়!
এই হুঃথ এ ঘ্রপ্রা, জন্মে কেহ ব্রিলনা,
কত হুঃথ পাই নাথ মর্ম্ম বেদনায়,—"
চাঁদের কিরণ রাশি, পড়িতেছে গায় আসি,
দাঁড়া'য়ে সরসী তীরে শারদসন্ধ্যায়,
কহিল কাতর কঠে—"ব্রিলেনা হায়!"

চাহিনারে উন্মাদিনি ! চাহি না বুঝিতে,
চাহিনা সরলা তোর প্রাণে ব্যথা দিতে !
এত যন্ত্রণার যদি, পোড়ে প্রাণ নিরবধি,
কাঁদিরা আসিদ্ কেন নিত্য কাঁদাইতে ?
"কেন কাঁদি, কেন আসি, কেন ইহা ভালবাসি,—
বড় স্থথ ছই জনে একত্রে কাঁদিতে !

প্রেম ও ফুল।

কাঁদি যবে ছই জনে, বৰ্জ স্থব হয় মনে,
আঁচলে তোমার নাথ, অশ্র মুছাইতে,
কাঁদিয়া আসিহে তাই নিত্য কাঁদাইতে!
নিত্য এসে কাঁদি আমি, নিত্য নাহি আ'গ তুমি,
নিত্য নিত্য কেন নাথ পারনা আসিতে,
নিজ্জনে হ'জনে বসি একত্রে কাঁদিতে ?"

চপলা! তা' পারি কই ?—চমকি তথন,
"পড়ে দেখ—চলিলাম"—একটা চুম্বন!
একটা স্থদীর্ঘ শ্বাস,—কমল কুস্কম বাস!—
একবিল্ তপ্ত অক্ত মরিল নরন,
করিল ললাট সিক্ত,—বুঝিলাম মন!
বৈগে অন্ধকার আসি, শশান্ধ ফেলিলংগ্রাসি,
কৌমুলী করেছে অই দ্রে পলারন!
চঞ্চল চরণে যার, পাছে পাছে ফিরে চার,
হুদরের শান্তিময়ী শীতপ্রস্রবণ!
প্রাণবিল্ কেন্ত্রগত, প্রীতি পরিধির মত,
অনত্ত অসীম ব্যাপ্তি স্থদ্র এমন!
সেই কেন্ত্র স্পর্শিবার, মহা মেরু স্থৃতি তার, ব্রিলাম চপলার ফিরায় নরন,
'ব্রিলাম চপলার ফিরায় নরন,

ব্ৰিয়াছি চপলারে ভুলিবনা আর, কাতর নয়ন দৃষ্টি দুরে শত বার! বাকাইয়া গ্রীবাদেশ, এলাইয়া কাল কেশ,
সে চাহনি হর্যমুখি সরলা আমার !
অমলিন অনাজাত, রজত কোমুনী সাত,
এক বিন্দু তপ্ত অঞ্চ শেষ পুরস্কার,
সেই চমকিত মন, অসম্পূর্ণ আলাপন,
'পড়ে দেখ, চলিলাম'—ভূলিবনা আর !
আজি এ সরমীতীরে, কুক্লণে আসিয়াছিরে,
লুকাইল কোক্রধ্ কবি ক্লনার,
একটা চুম্বন দিয়ে শেষ পুরস্কার!

>>

ব্রহ্মপুত্র! কি বলিব, আসিবার দিন,—
প্রাণে আর কত সহে, কত রক্ত বুকে রহে,
সে দিন দেখেছি যেই বদন মলিন,
কিসে না দেখিয়া তারে, ছেড়ে আসি একেবারে,
প্রাণ কি পাষাণমর এতই কঠিন ?
সেই সরলতামর, কুটারের কুবলর,
প্রীতি মাথা স্থিরদৃষ্টি—নয়ন নলিন!
দেখিরু মূহুর্ত্ত তরে, সে বদন শশধরে,
শার্নদ বাসন্তী শোভা কলম্ক বিহীন,
দেখিলাম ব্রহ্মপুত্র আসিবার দিন!

52

সেই দিন—সেই সন্ধ্যা—সরসীর তীর,— কত কাল, নদ নদী—কানন গভীর, কিত দ্র ব্যবধান, প্রাণের সমাধি-স্থান, বহেনা সে দেহগৃদ্ধ এদেশে সমীর!
সদ্ধ্যার শীতল ছামা, ভাসারনা কম কামা, তোমার এ নীল জলে প্রীতি তরণীর!
নিত্য এ মলিন বেশে, আসি তব তীর দেশে, কোথায় স্বর্গের সেই কনক কুটীর, সেই দিন, সেই সদ্ধ্যা, সরসীর তীর?
নাহি সে স্থথের ঠাই, সরলা চপলা নাই, আছে সেই শেষ পত্র—মাথা অশ্রনীর!
বীজমন্ত্র লেখা আছে, আজিও রেথেছি কাছে, প্রাণের কবজ—চিহ্ন পবিত্র প্রীতির!
আধ্যের অকরে শোবে হলর ক্ষির!

20

অসন্থ হ'মেছে আজি—
নিশ্চয় ভূলিব ইহা, পারিনা সহিতে,
লভিব অনস্ত শাস্তি চির বিস্কৃতিতে !
এ সাধনা উপাসনা, নিত্য এই বিড়ম্বনা,
এ ক্ষুত্র বলীকবক্ষে—প্রাণ সমাধিতে !
এ যন্ত্রণা হর্কিসহ, জলে প্রাণ অহরহ,
পারিনা জলস্ত বহু হৃদয়ে পোষিতে,
লভিব অনস্ত শাস্তি চির বিশ্বতিতে !

>8

শত ছিন্ন করি উহা— এই দুংও, এ মুহুর্ত্তে দেই ভাসাইনা, ব্ৰহ্মপুত্ৰ! বেগে চলি, তঁরকে তরকে দলি, রাণহে কর্দম তলে ক্রত তুবাইরা! পড়ুক তাহার পর, বালুকার শতী তার, হৃদয়েম্ম উহাপিও বাউক নিবিয়া!

অথবা---

বহিষে তরক শিরে, ফেলহে নীর্ধি নীরে, প্রাণের এ চিতাচিল্ল দ্রে সরাইরা, ভাষশেষ হদয়ের, শেষ বহিল শ্মশানের, জনুক্ বাড়বানল সলিল ছাইয়া! লহ, ব্রহ্মপুত্র লহ, অর্জ দগ্ধ প্রাণ সহ, অশ্রুজনে চিতাভাষ্ম দেই ধোরাইয়া, অতল জলধি জলে নেও ভাসাইয়া!

—১२৮७ ॅॅंनन, ∙ सग्नमनिश्ह।

> ভাওয়াল রাজহহিতা শ্রীশ্রীমৃতী কুপাময়ী দেবী।

ভগিনি, বিদেশে আজি স্বদেশের সনে,
ভৌমার (ও) মধুর মূর্ত্তি পড়িতেছে মনে!
করুণা কোমল প্রাণ, স্নেহের প্রতিমা থান,
চাহিতে করুণা ঝরে নরনে নরনে!
হাসিয়াছ থেলিয়াছ, কত ভালবাসিয়াছ,
শৈশবের ভালবাসা ভূলিব কেমনে?
ভগিনি, তোমারে আজি পড়িতেছে মনে!

>

ভগিনি! বিদেশে এই কত যন্ত্রণায়,
কত ভাবনার স্রোত, করিতেছে ওতপ্রোত,
আবিল করিয়া প্রাণ বিবাদ বভার!
কত যে ঝটকা বাত, কত গুপ্ত বজাঘাত,
দে ভীম প্রলয় কাপ্ত ফোটে কি কথায়?
কিনে শাস্তি আছে তার? কে ভালবাদিবে আর,
কোথা তুমি ক্রপাময়ি ভগিনি কোথায়?

ø

ভগিনি, জলি যে এই জলস্ত গরলে,
কত স্থথে ভাদে প্রাণ, করিতে ভোমার ধান,
করিতে ভোমার পূজা নয়নের জলে!
ভগিনি স্নেহের আর, জানি না কি উপহার,
ফার চালিয়া দিছি চরণ কমলে!
আজি এতে কত স্থধ, ভরিল অভরা বুক,
পবিত্র প্রীতির উৎস বহিয়া নির্মানে,
করিতে ভোমার পূজা নয়নের জলে!

8

ভগিনি ! তোমারে আমি ভাবি বে এমন,
তোমার (ও) কি মোর তরে, এক বিন্দু অঞ্চ করে,
এমনি করিয়ে কিগো পোড়ে তব মন ?
গেল কত দিন মাস, ফেলেছ কর্মী খাস,
ছইটী বছরে কবে করেছ শ্বরণ ?
সত্য ক্রি আমার মত, তুমি ভালবাস তত,

ভোগনি আমায়—তোমা ভুলিনি যেমন, ভগিনি আমারে ভালবাস কি তেমন ?

রাজার কুমারী তুমি — আমি দীনহীন,
স্থরম্য প্রাসাদ তব, দের স্থথ নিত্য নব,
ঘটেনা আমার ভাগ্যে কুটীর মলিন!
কত কটে কত কেশে, ফিরিতেছি দেশে দেশে,
আনাথ অভাগা আমি আশ্রয় বিহীন!
এ দীন দরিদ্রে হায়, বঞ্চনি কি করণায়,
আজিও কি আছে মনে সেই এক দিন,
শৈশবের,ভালবাদা—কোমল নবীন?

আজিও কি আছে মনে ভোলনি ভগিনি! ছইজনে এক সাথে, লিখেছি কলার পাতে, হাতে ধরি শিথায়েছ আদরে আপনি! কেবল তোমার স্নেহে, আজো প্রাণ আছে দেহে, ক্রপাময়ি করুণার ভূমি নির্বারণী! হাসিয়াছি থেলিয়াছি,—কত ভালবাসিয়াছি, কোথায় সে আমাদের শৈশব সঙ্গিনী? বসস্তকুমারী কই, কোথা সে প্রসরমন্মী, কোথায় রয়েছে বিন্দু বিধুবিলাসিনী?

কোথা সে অভয়তারা, একত্র থেলিত ধারা, কোথা সে মোক্ষদা কোথা কমল-কামিনী!
তারাও কি আজি মনে করেগো এমনি 2

٩

তারাও কি আজি মনে করেগো আমার ?
আগের সরল প্রাণ, আছে কিগো বর্ত্তমান,
শৈশবের সহচরী সধী বালিকার ?
সংসারের বিষক্ষত, হয় নাই মর্ম্মগত,
অলেনি আমার মত শত বাতনায় !
তারাও কি আজি মনে করেগো আমার ?

ъ

ভোলেনি ছোট মা কিগো আজো মনে করে,
সেহে জননীর মত, পালিয়াছে অবিরত,
দরিত্র সস্তান আমি—দরার অন্তরে!
কত জন্ম তপস্থান্ন, পেন্নেছিত্ব তারে হার,
করিয়া কঠোর তপ মুগ যুগাস্তরে!
ভোলেনি ছোট মা কিগো আজো মনে করে?
রাজেন্দ্র তাহারি মত, মনে ক'রে থাকে তত,
সত্যকি ভোলেনি দেও ছুইটী বছরে?
বলিরে দরিত্র ভাই আজো মনে করে?

a

মাধব, মহেশ, তোরা কোথারে এখন ? বসন্ত প্রাণের ভাই, হ'বছর দেখা নাই, আজি যে দেখিতে ভোরে কত আকিঞ্চন! কোথা সত্যভামা বিন্দু, প্রীতির পবিত্র ইন্দু, দেখিলে সিন্ধুর মত উথলিত মন! কোথা ভাই দীনবন্ধ রজনী এখন ? বিদেশে একাকী আমি আছিরে পড়িয়া,
তোদের জনস্ত স্থৃতি, শৌড়ে প্রশা নিতি নিতি,
জানি না কেমনে আছি বাঁচিয়া মরিয়া!
শৈশবের থেলা ধূলা, সে বকুলগাছ গুলা,
আদে রে নয়নে জল সে দিন স্মরিয়া!
সে দিনের ভাই ভাই, কিছুই কি মনে নাই,
এতই ভূলিলে প্রাণ পাষাণে বাঁধিয়া?
সে দিনের দয়ামায়া বিস্ক্তিন দিয়া?

>>

ভূলিলি স্ফাই তোরা ভূলিলি আমার ?
ভূলিলে ছোট মা তুমি, ভূলিলে ভগিনি তুমি,
ভূলিলে শৈশব-স্থা, শৈশব-স্থার ?
জন্ম শোধ একেবারে, ভূলিলে এ অভাগারে,
প্রাণের সরলা ?—প্রাণ বিদরিরা যায় !
ভূলিলে সতাই সবে ভূলিলে আমার ?
১৬ই মাদ—১২৮৮ সন,
নয়ননিংহ।

नकेठन ।

٥

চতুর্থীর চারুচক্র শারদ আকাশে,
শ্অনন্ত অসীম নীলে একা একা হাসে !
গৃহকোণে বঙ্গ-বধ্, লুকাইয়া হাসে মৃত্,
ঈষদ গোমটা বেন খুলিছে বাতাসে!

সে পবিত্র দেবদেহ, পারে না দেখিতে কেহ,
অনিন্য অতুল তমু ঢাকা নীল বাসে!
ফোটেনা মুর্থের কথা, মৌনমন্ত্রী সরলতা,
কিরণ প্রতিমাধানি কারেনা সম্ভাবে!
আপনি আপন প্রাণে, কেবলি হাসিতে জানে,
হাসির সরল শিশু একা একা হাসে,
চতুর্থীর চারুচন্দ্র শারদ আকাশে!

₹

কৃটিয়াছে উপবনে নানা জাতি ফ্ল,
মল্লিকা মালতী জাতি, গোলাপ বান্ধ্নী পাতি,
গন্ধরাজ কৃষ্ণকেলি টগর পাকল!
নিশিগদ্ধা কুল জবা, চম্পক স্থবৰ্ণপ্ৰভা,
শিরীয রঙ্গণ রক্ত অশোক বকুল,
শেকালী কেতকী আদি ফুটিয়াছে ফুল!

0

विरिष्ट भनतानिन सुशकी भीजन, नाहि भान अपभान, मकरन मभान कान, भरान जेनात श्रांन कक्ष्मी जतन, रयथारन यादारत भात्र, जास्त्र आनिश्रिया यात्र, आविर्ध्यात कृतसून जीज भिनाठन! नम नमी मरतावत्र, किवा इम कि मानत, मकरन मभान स्मर्थ कृतिरह विश्वन! এত ভালবাসা জাरन, भरन राग भर्म द्यारन, विर्त के अमुक स्थम मरत जीवनन! বিনে তার প্রেমমন্ত্র, প্রাণের সমস্ত বন্ধ, চলেনা মুহুর্জ কাল—স্থির অবিচল! প্রীতির বিজ্ঞানবিৎ, হেন শিল্পী কুনীটিৎ, কে দেখেছে কোন্দিন হেন দৈব বন্ধ কুপ্রাণমন্ত্র প্রেমমন্ত্র সমীর শীতল!

8

স্থলর ক্টিক-স্বচ্ছ স্থির সরোবরে,
প্রাক্ত্র কুমূদ মালা, শাপত্রন্থ দেববাবা,
আকঠ মগনা যেন সলিল নিথরে,
পাপের ধরণী ধামে, শক্ষিতা মানব নামে,
দিবসে থোলেনি আথি মানবের ডরে,
মানবের পাপুখাস, পবিত্রতা করে নাশ,
দৃষ্টিতে প্রণয় পোড়ে দৃর দ্রাস্তরে!
নিশিতে কুমুদ তাই ফোটে বেন সরে!

C

স্থের স্থপন সম প্রমন্ত চকোর,
এই দেখি এই নাই—স্থা পানে ভোর!
ভাঙ্গা ভাঙ্গা মেবগুলি নব নীলাকাণে,
বিলের বিমল বুকে দামদল ভাসে!
ভূবিয়া ভাসিয়া অই ভারাগুলি থেলে,
পাঁড়াগেঁয়ে ক্বকের শিশু মেরে ছেলে!
আর অই স্থাকর অনস্ত জাকাশে,
অক্ল অসীম নীলে একা একা হানে!

যদিও উহার সন্দে লতা,পাতা ফুল,
সামান্ত সমীর জল হাদিয়া আকুল !
তথাপি—তথাপি হায়, শত পুষ্প স্থমায়;
বিরচিত যেই শিশু আনন অতুল !
জীবস্ত লাবণ্যরাশি, আধ ফোটা হাসি হাসি,
অলক্ত মাথান ছানা মোমের মুকুল !
ছোট হ'টি হাত তুলে, আয় চাঁদ আয় ব'লে,
ডাকেনা উহারে আজ আনন্দে আকুল !
কি হবে হাসিলে শুধু লতা পাতা ফুল ?

লতা পাতা ফুল জল হাসিলে কি হয় ?
জল চেয়ে সরলতা, ফুল চেয়ে পবিত্রকা,
মধুর অধিক মধু হেসে কথা কয় !
লতার অধিক হায়, প্রাণে জঁড়াইরা যায়,
কাটিয়া মরমে বসে যেখানে হৃদয় !
কৌমুলী অধিক হাসে, প্রাণ ভরা ভালবাসে,
প্রেম যেন হাসি মুখে কোলে টেনে লয় !
করণা কোমল কান্তি, যুবতী জীবস্ত শান্তি,
পৃথিবীর স্পর্শমণি পরিমলময়,
না হাসিলে, পাতা লতা হাসিলে কি হয় ?

হাসিলে কি হয়—ও বে অচেতন সব, সমস্ত ব্ৰক্ষাও হায়, হাসিলেও বুথা যায়, যদি সৈ স্ঠির শ্রেষ্ঠ না হাসে মানব ! পৃথিবীর পূজনীর, ভারতের অধিতীর, না হাসিলে আর্য্যবংশ মানবগৌরব, হাসিলে কি হয়—ও যে অচেতন সব!

৯

শশধর !

কেন আজ্ কোন্ পাণে, কি কলক অভিশাণে,
অসাধু তরর আদি দম্ম সমুদার,
আবাল বনিতা বৃদ্ধ, সন্ন্যাসী তপস্বী সিদ্ধ,
কেহই নম্ন তুলে চাহে না তোমার!

' চোরের অধিক চুরি করিলে কোথার ?
কিন্তা কবে কোন্ দেশে, প্রবেশিয়া দম্মাবেশে,
লুঠিলে মুর্ক্স কার গভীর নিজার ?
দম্যও তোঁমারে কেন চাহে না ঘ্ণায় ?

5

আগে,

কে না ভালবাসিরাছে শশাস্ক তোমারে,
দেখিলে তোমার মুখ, কত হর্ব—কত স্থুখ,
উথলিত সকলের চিত্তে একেবারে!
রোগে শোকে দগ্ধ বক্ষে, যাতনার অশ্রুচক্ষে,
একটু পাইত শাস্তি অলস্ত সংসারে!
' যে শাস্তি ঠেলিয়া পার, আজ কেহ নাহি চার,
কত যেন হবে পাপ দেখিলে তোমারে!
ঘণায় চাহেনা হার ফিরে একেবারে?

٠, د

আজ,

এত প্রেম ভালবাসা ভুলিয়াছে সব,
এতই কি অক্কতজ্ঞ ধরার মানব ?
বুকে কি কলিজা নাই, কলিজার প্রাণ,
মানবের বুক ভরা এত কি শ্মশান ?
প্রোণে নাই প্রাণ দেওয়া—প্রেম ভালবাসা,
কেবল আকণ্ঠপূর্ণ শোণিত পিপাসা ?
প্রেমে নাই চিরদান, আছে প্রত্যাহার,
সত্যই মানব এত পশু নরাকার ?
অথবা তোমার (ই) কোন কার্য্য পার্শকর,
আছে কি এমন শশি! দাওনা উত্তর ?

>>

ছি ছি লজ্জায় মরি ওবে লজ্জাহীন, হরিয়া এনেছ নাকি কোলের হরিণ ? প্রেমের নন্দন কার, করিয়াছ ছারথার, দেবতা দানব হ'তে এত কি কঠিন ? কার বুকে মেরে ছুরি, করিলি এ রত্ন চুরি, পাষও, করিলি কারে চির উদাসীন ? হায়রে কলক কালী, কার কুলে ঢেলে দিলি, কার সে পবিত্র কুল করিলি মলিন ? পাণিঠ, করিলি কারে চির-উদাসীন ?

20

কেন তোরে হায় হায় গিলিয়া আবার,
উগারিয়া ছেড়ে দেয় রাছ হরাচার ?
পাপিষ্ঠ দেবের মৃত্যু নাই কি কিছুতে ?
যা পুনঃ সাগর জলে, ডোব্ গিয়ে কুত্হলে,
আর ঘেন পাপ মুখ না হয় দেখিতে!
হোক্ চির অমাবস্তা চির অক্কার,
তবু তোরে নইচক্র দেখিবনা আর!
১০ই প্রাবণ—১২০০সন।

বর্ষার বিল।

٠

বরষার বিল,

এমন পবিত্র স্থান, বাতানে জুড়ার প্রাণ,

জ্ঞানা অবশে করে হদর শিথিল!

পানা, জল, ঘাস গাছে, কত কি মাধুরী আছে,
ভূলীইছে একেবারে ভুবন নিথিল!
ডাকে জলচর পাথী, দাম দলে থাকি থাকি,
এত কি ললিতে গায় বসস্ত কোকিল?

*স্মীল লহুরী ভূলি, নাচাইছে ছলি ছলি,
সন্ধ্যার শীতল অই মলয় অনিল,
নৃত্ন সলিলে ভরা বরষার বিল!

বরষার বিলে,
শত শত ধান থৈতে, যেন শ্রাম সাগরেতে,
উঠিছে মৃহল বাতে সবুজ লহরী,
ছুটিছে সলিলে নীচে, তরঙ্গ তরঙ্গ পিছে,
কাঁপিছে প্রকৃতি অঙ্গ পুলকে শিহরি!
কি আনন্দ কেবা জানে, আজি প্রকৃতির প্রাণে,
কমল কুম্দ কাঁপে বুকের উপরি,
তরঙ্গে তরঙ্গে অঙ্গ উঠিছে শিহরি!

9

ভাইক ভাইকী হথে বেড়িয়া বেড়ায়,
'এথানে ওথানে সবে, মধুর মধুর রবে;
সরালী কালেম পিপী কত নাচে গায়!
চপল ও কড্গাই, ওদের তুলনা নাই,
উড়িতেছে পড়িতেছে যোড়ায় যোড়ায়!
মরাল মরালী সনে, তেমনি পুলক মনে,
কমল কুমুদ্বনে ভানিয়া বেড়ায়!
চক্রবাক চক্রবাকী, চ্ছুতে চঞ্চী রাথি,
কত কই জানাইছে, লইলে বিদায়,
সরল পাথীর প্রাণ—জ্যান্ত্র-সন্ধ্যায়!

স্থশীতল সন্ধ্যাকাকে, ফ্টিয়াচুছ ধঁরে থরে কুমুদ কুস্থম, স্থনীল গগন তলে, সহল হীরক জলে, ভাঙ্গিরাটে স্বর্মণ্ড তারকার বুম !
অমর অধরে হাসি, অফুরস্ত স্থাবীরাশি,
সমস্ত জগতে ওর লেগে গেছে ধ্ম,
হাসিতেছে স্বর্মণ্ড কুমুদ কুস্ম !

¢

সন্ধার ললাটে হাসে অর্কচন্দ্র এক,
রক্ত সলিলে ভাসে শশী সহত্রেক !
বাসের ছায়ার গায়, কুমূদী হারা'য়ে য়য়,
সাঁতারিয়া শশী বেন খুলিছে অনেক !
কি স্থলর লুকো চুরি, জানে এ কুমূদী ছুঁড়ী,
লগে লগে পথেক ধরা দেয় না বারেক !
ভ'য়ে থাকে সন্ধাা রেতে, কৌমূদী কুমূদ পাতে,
ঝোপে ঝাপে ধান থেতে ঠিক্ নাই এক !
এ সামান্ত বিছানায়, ও কম কিরণ-কায়,
নয়ন ভুলিয়া থাকে দেখিলে বারেক !
দেখিনি এমন শোভা—দেখেছি অনেক !

৬

পারে পারে ঘাটে ঘাটে লইবারে জল, গ্রামের গৃহস্থ বধু এদেছে সকল! হারানো কুমুদ জ্ঞানে, ভাসে শশী অহু থানে, না চিনিয়া মিছামিছি হাঁসিছে কেবল কলসীতে চেউ দিয়া, শশ্বরে থেদাইর্য়া, সিরলা গৃহস্থবধ্ ভরিতেছে জল, ও তরক বিকম্পাদে, কত গৈ পুলক মনে, এক চন্দ্র শত হয়ে হাসিয়ে পাগল, ভাবিয়া গৃহস্থবধ্ কুমুদ বিমল!

۵.

গ্রাম অভিমুথে অই চলেছে তরণী,—
আকাশেতে ভাঙ্গা ভাঙ্গা মেঘ কয় থানি!
ক্রমক বাহিছে ধীরে, কৌমুদী মাধান নীরে,
বিলের বিমল বুকে মৃছলে ক্লেপণী,
করিতেছে গ্রাম্য গান, জুড়ায় তাপিত প্রাণ,
শিথিতে অমর কপ্তে গায় প্রতিধ্বনি!
স্বুজ লহরী গুলি, স্থথে করে কোলাকুণি,
এমন সলিল নৃত্য দেথিনি কথনি!
এত মধু—মাদকতা, স্বর্গীয় এ সরলতা,
মিলেকি এমন আর খুঁজিলে অবনী ?
চাহিলে নয়ন কোণে, বারেক উহার পানে,
পরাণ পাগল হয় আপনা আপনি,
গ্রাম অভিমুথে অই চলিছে তরণী!

ъ

থাম অভিমূথে যায় অই ক্ষুদ্র তরী, হৈয়ের ভিত্র থেকে, শরীর লুকা'য়ে বেংগ, চুপি দিশে চেমে আছে সরলা অন্দরী! গগনের পূর্ণশনী, ভৃতলে পড়েনি থসি,
কোটেনি ক্মুদ নীল জল পরিহরি !
এমনি মধুরে হেলে, দাঁড়াইয়াঁতীর দেশে,
কি দেখিছে প্রামের ও "বিয়ারী বছরী ?"
আজি বছদিন পরে, আসিছে বাপের ঘরে,
শৈশবের সহচরী ''ন্তুন নামরী,''
সারি দিয়ে দেখে তাই সরলা হুন্দরী !

2

কেমন পবিত্র ওই গ্রাম্য ভালবাসা,
পরুম্পরে হবৈহুথে, প্রীতির প্রসন্ন মুথে,
কেমন সে মিলনের প্রথম জিজ্ঞাসা !
কেমন সে গাণ ফোটা মধুর সম্ভাবা !
সংসারের দরামান্না, একত্রে রমণী কান্না,
সরলা রমণীমুর্ভি পূজা করে চাবা !
ইচ্ছা করে নিত্য সেবি, ও গ্রাম্য সরলা দেবী,
সামান্ত গৃহস্থ হরে মিটাই পিপাসা !
কেমন পবিত্র ওই গ্রাম্য ভালবাসা !

50

দেখিছে দাঁড়া'য়ে বেন—
তীরে তীরে তরগণ—কাতারে কাতার,
পুণোর পবিত্র তীর্থ—বিশ বরষার!

েদথে বোধ হয় হেন, পুণ্যস্থান করে ঘেন,
' আকঠ মগন জলে হিজল উদার!
অথবা মনের সূহের্থ, শীতল সলিল বুকে,
ঢালিছে অনস্ক দগ্ধ প্রাণ আপনার!
ইচ্ছা করে,

অই বৃকে বৃক রাখি, অমনি লুকা'য়ে থাকি
ভূলে যাই এ সংসার জালা যন্ত্রণার,
শত কট শত ছথ, এ অস্তর দগ্ধবুক,
নিবাই প্রাণের শুপ্ত জলস্ত অঙ্গার,
পূণ্যের পবিত্র ভীর্থ—বিল বর্ষার !
ভাবণ—১২৮৭ সন,

বাজি তপুরের বিল—ময়মনসিংহ।

আমি তোমার।

>

শান্তিময় ঈশ্ব ! প্রেমময় ঈশ্ব !
দীনবন্ধ ! দীননাথ !
সংসারের এই পাপের পরাণে,
স্বর্গীয় শিশির শীতল তোমার,
করতে ক্রণা নয়ন পাত!

2

জানি না কেন যে হৃদয় এমন,
উদাস উদাস করে,
আশার আলোক নিবিয়ে গিয়েছে,
অনস্ক কালের তরে!

সংসার আমার **অঁ**নলে বেড়া, সংসার আমার কণ্টকে বেরা, সংসার আমার বিবের সী<mark>সা</mark>র,

অনস্ত উষর ভূমি,
স্বর্গীয় শীতল করুণা তোমার,
বিশল্যকরণী করুণা তোমার,
মৃত সঞ্জীবনী করুণা তোমার,
অন্তঃপ্রবাহিণী করুণা তোমার,
করহে করুণা,—আমি ও তোমার—

করুণা সাগর তুমি !

"আমি তোমার!"
নিঃশঙ্কপ্রীণে, নির্ভন্নপ্রাণে, মুক্তকঠে,
প্রাণ ভরিয়া, মন ভরিয়া, হৃদয় ভরিয়া,
আবার আজি তোমার বলিলাম,

"আমি তোমার!" শান্তিমর ঈখর! ৫প্রমমর ঈখর! নিছুর পাবাণ মাম্বের মত, করিও না ইহা অস্বীকার!

8

নাথ।

সংসারে কেহই চাহেনা কাহারে, সাধিয়াছি কত ভাগি অঞ্ধা**জ** নিচুর সংসার,
দেয়নি আশ্রম, লয়নি আমার,

" এই আরি-উপহার!
নহে এক দিন, নহে ছই দিন,
কত সাধিয়াছি সবে করে ছগা,
অনেক সয়েছি আর ত পারি না,
দেও হে আশ্রম প্রোণেশ আমার,
লওহে পাপীর আর-উপহার,
লও নাথ একবার,

"আমি তোমার!"

COL

জীবনাধার!
জননী করেনা হৃদয়ে ঐহণ,
সহোদর করে কত অযতন,
সঁপিয়াছিলাম যারে প্রাণমন,
য়্বণা করে সেই স্কৃৎ স্কুলন,
ফিরিয়ে চাহেনা একবার!
দিয়েছি প্রাণের কপাট খুলিয়া,
দিয়েছি আহ্লাদে হ'হাতে তুলিয়া,
হৃদয়ের এই উপহার!

প্রাণেশ ! কৌমুনী বসনা যামিনীরে কত, ্রিলিমেছি নিশি, আমি ভোমার !

আমি তোমার।

রজত কুমুম হাসি শশধরে,
বলিরেছি শশি আমি তোমার!
মণিময় জ্যোতি তারকা ইক্সরে,
বলিয়েছি কত আমি তোমার!
জ্যোছ্না মাধান জ্ল কুমুনীরে,
বলিয়েছি কত আমি তোমার!
কেহই তো নাথ করে না গ্রহণ,
গাপের উচ্ছিই দয় প্রাণমন,
হাদমের এই উপহার!

তক্ষা ভূমাণ প্রভাত সমন্ন,
অমল কমলে পরিমলমন্ন,
ব্যুদ্ধ সরসীরে — সরল হুদন্ন,
বলিন্নেছি কত আমি তোমার!
শিশির মাধান কম কামিনীরে,
কুস্থম রূপনী চামেলী বেলীরে,
উপবন শোভা গোলাপ কলিরে,
বলিন্নাছি কত আমি তোমার!
অমস্ত উন্নত গিরি হিমালয়ে,
রজত সলিল নির্মর নিচন্নে,
নব প্রবিত তক্ষ লতাগণে,
ভ্যামল স্কর্মর চাক উপবনে,

মৃত্ল বাহিত মলন্ন অনিলে,
ভামা বুলুকুল দুয়েল কোকিলে,
হেমতের বসতের শিশিরে গরদে,
আঁধারে আলোকে তড়িতে নীরদে,
বলিয়াছি কত আমি তোমার!
সবাই আমারে করে নাথ ঘণা,
অনেক সয়েছি, আর ত পারিনা,
দেওতে আশ্রর প্রাণেশ আমার,
লও তবে নাথ প্রীতিপারাবার,
হদয়ের এই উপহার
'আমি তোমার হৈ

٣

নাথ !—সাগরে বের্নন নদ নদীচয়,
কেহ কর্দমাক্ত কেহ স্বর্ণময়,
চালিছে জীবন, তেমনি হাদয়,
তোমাতে মিশাব, করণাসাগর তুমি !
বড়ই সরল নীল পারাবার,
বড়ই তাহার হাদয় বিস্তার,
সকলে সমান আদর তাহার,
তেমনি তুমিও করহে গ্রহণ,
যদিও
আবিল জীবন প্রবাহ আমার,
প্রবাহি পাপের পদ্ধিল ভূমি !

আমি তোমার। •

নিরাশ্রয় এই জীবন মাম্মন সাগরের তৃণ কৃল নাই আর, চারি দিকে দেখি মহা অন্ধকার, চারি দিকে দেখি অকৃল পাথার, কোথা হে জীবনাধার! কোথা শান্তিময় প্রের প্রাণেশ্বর, দেখ ভয়ে কত কাঁপিছে অন্তর, তোল করুণার প্রসারিয়ে কর, বাঁচাও জীবন,—আমি তোমার!